অত্র হেতুমাহ ভার্য্যামিতি। স পতিঃ, শুক্ররূপেণ যোনিদ্বারাৎ ভার্য্যাং সম্প্রবিশ্য, যস্মাদ্ধেতোঃ, পুত্রাদিরূপেণ তস্যাং জায়তে; তদ্ধি তস্মাদেব হেতোঃ, জায়ায়া ভার্য্যায়াঃ, জায়াত্বং জায়তেঽস্যামিতি ব্যুৎপত্তের্জায়েত্যভিধানবত্ত্বং ভবতি; ইতি পৌরাণাঃ পুরাণাভিজ্ঞাঃ কবয়ো বিদুঃ। তথা চ জায়া খলু পুত্ররূপাত্মনো জন্মাধারত্বাজ্জননীরূপৈবেতি তৎপ্রার্থনানিরাসো মহাপাপ এবেতি ভাবঃ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

ন কারণং শ্রেয়সে ইত্যর্থঃ ॥৩৩—৩৬॥ পৌরাণাঃ কবয়ো বৈদিকাঃ, "তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুনঃ" ইত্যাদিমন্ত্রবিদঃ ॥৩৭॥ আগমবতো বেদোক্তমন্ত্রাদিকর্ম্মবিদো, যস্ত-

আপনি সভার মধ্যে নীচনারীর ন্যায় আমাকে উপেক্ষা করিতেছেন কেন? এবং ইহা কি আমার শূন্যে রোদন করা হইতেছে না? যে হেতু আপনি আমার কথা শুনিতেছেন না? ॥৩৫॥

আমি আপনার নিকট থাকিব বলিয়া প্রার্থনা করিতেছি; এ অবস্থায় আপনি যদি আমার প্রার্থনা রক্ষা না করেন, তবে আপনার মস্তক শতধা বিদীর্ণ হইয়া যাইবে ॥৩৬॥

পতি ভার্য্যার ভিতরে প্রবেশ করিয়া, পুনরায় পুত্রাদিরূপে জন্ম গ্রহণ করেন, সেই জন্যই ভার্য্যার নাম হইয়াছে 'জায়া', ইহাই পৌরাণিক পণ্ডিতগণ বলিয়া থাকেন ॥৩৭॥

[৩৫]· ন খল্বলমিদম্ ··নখল্বহমিমম্···।

পুন্নাম্নো নরকাদ্যস্মাত্ত্রায়তে পিতরং সুতঃ।
তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবা ॥৩৯॥
সা ভার্য্যা যা গৃহে দক্ষা সা ভার্য্যা যা প্রজাবতী।
সা ভার্য্যা যা পতিপ্রাণা সা ভার্য্যা যা পতিব্রতা ॥৪০॥
অর্দ্ধং ভার্য্যা মনুষ্যস্য ভার্য্যা শ্রেষ্ঠতমঃ সখা।
ভার্য্যা মূলং ত্রিবর্গস্য ভার্য্যা মূলং তরিষ্যতঃ ॥৪১॥
ভার্য্যাবন্তঃ ক্রিয়াবন্তঃ সভার্য্যা গৃহমেধিনঃ।
ভার্য্যাবন্তঃ প্রমোদন্তে ভার্য্যাবন্তঃ শ্রিয়ান্বিতাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

পুত্রাখ্যপত্যঞ্চ নিতরামাদর্ত্তব্যমিত্যাহ যদিতি। আগম্যত ইত্যাগমো বৈদিকসংস্কার-সম্বৃতঃ পুংসঃ, যত্তেজোঽস্তি, তদেব অপত্যং প্রজায়তে। তচ্চ সন্তত্যা সন্তানোৎপাদনেন, পূর্ব্বপ্রেতান্ পূর্ব্বমৃতান্ পিতামহান্, তারয়তি। অতো মহোপকারকমেবাপত্যমিতি ভাবঃ ॥৩৮॥

পুদিতি। পুন্নাদিপূর্ব্বমিতি পুং পৃষোদরাদিত্বাৎ সাধু। পুৎ নাম যস্য তস্মাৎ। ত্রায়তে রক্ষতি স্বজন্মনিবন্ধনধর্ম্মদ্বারা তদ্গমনান্নিবর্ত্তয়তীত্যর্থঃ। পুতস্ত্রায়ত ইতি চ পুত্রপদব্যুৎ-পত্তিঃ ॥৩৯॥

সেতি। গৃহে গৃহকর্ম্মণি। প্রজাবতী পুত্রবতী। পতিরেব প্রাণা যস্যাঃ সা ॥৪০॥

অর্দ্ধমিতি। অর্দ্ধং শরীরার্দ্ধম্, "শরীরার্দ্ধং স্মৃতা জায়া" ইতি স্মরণাৎ ॥৪১॥

ভারতভাবদীপঃ

দমিতপ্রভাবমপত্যং জায়তে, তৎত্তারয়তি ॥৩৮॥ পুন্নাম্ন ইত্যতঃ পরম্—"পুত্রেণ লোকান্ জয়তে পৌত্রেণানন্ত্যমশ্নুতে। অথ পৌত্রস্য পুত্রেণ মোদন্তে প্রপিতামহাঃ ॥" ইতি পঠন্তি। তত্র পুত্রেণ নরকাদুদ্ধৃতঃ, পৌত্রেণ স্বর্গং নীয়তে, প্রপৌত্রেণ ততোঽপ্যুপরি নীয়তে। পুত্রেণৈব স্বর্গং নীতঃ, পৌত্রেণ ব্রহ্মলোকং প্রাপিত আনন্ত্যং মোক্ষং লভতে,

---

বৈদিকসংস্কারসম্পন্ন পুরুষের যে তেজ আছে, তাহাই সন্তানরূপে জন্মগ্রহণ করে এবং সেই সন্তানই আবার সন্তান জন্মাইয়া মৃত পূর্ব্বপুরুষ-গণকে উদ্ধার করে ॥৩৮॥

'পুৎ' নামক নরক হইতে পিতাকে রক্ষা করে বলিয়া স্বয়ং ব্রহ্মাই তনয়ের নাম করিয়াছেন—'পুত্র' ॥৩৯॥

তিনিই ভার্য্যা, যিনি গৃহকার্য্যে নিপুণ; তিনিই ভার্য্যা, যাঁহার পুত্র জন্মিয়াছে; তিনিই ভার্য্যা, যিনি পতিকে প্রাণের মত ভালবাসেন এবং তিনিই ভার্য্যা, যিনি পতিব্রতা হন ॥৪০॥

ভার্য্যা পুরুষের শরীরের অর্দ্ধাংশ, ভার্য্যা সর্ব্বপ্রধান সখা; ভার্য্যা ধর্ম্ম, অর্থ ও কামের প্রধান কারণ এবং ভার্য্যাই উদ্ধার পাইবার প্রধান হেতু ॥৪১॥

সখায়ঃ প্রবিবিক্তেষু ভবন্ত্যেতাঃ প্রিয়ংবদাঃ।
পিতরো ধর্ম্মকার্য্যেষু ভবন্ত্যার্ত্তস্য মাতরঃ ॥৪৩॥
কান্তারেম্বপি বিশ্রামো জনস্যাধ্বনিকস্য বৈ।
যঃ সদারঃ স বিশ্বাস্যস্তস্মাদ্দারাঃ পরা গতিঃ ॥৪৪॥
সংসরন্তমপি প্রেতং বিষমেষ্বেকপাতিনম্।
ভার্য্যৈবান্বেতি ভর্ত্তারং সততং যা পতিব্রতা ॥৪৫॥
প্রথমং সংস্থিতা ভার্য্যা পতিং প্রেত্য প্রতীক্ষতে।
পূর্ব্বং মৃতঞ্চ ভর্ত্তারং পশ্চাৎ সাধ্ব্যনুগচ্ছতি ॥৪৬॥

ভারতকৌমুদী

ভার্য্যেতি। ক্রিয়াবন্তো যজ্ঞাদিকর্ম্মশালিনঃ, "সপত্নীকো ধর্ম্মমাচরেৎ" ইতি বিধানাৎ ॥৪২॥

সখায় ইতি। প্রবিবিক্তেষু নির্জনেষু। পিতর উপদেষ্টৃত্বাৎ মাতরঃ শুশ্রূষাকারিত্বাৎ ॥৪৩॥

কান্তারেষ্বিতি। কান্তারেষু সংসাররূপদুর্গমপথেষু, অধ্বনিকস্য পথিকস্য জনস্য বিশ্রামো বিশ্রামস্থানম্, ভার্য্যেত্যপিনা সমুচ্চীয়তে। সদারঃ সভার্য্যঃ ॥৪৪॥

সংসরন্তমিতি। যা সততং পতিব্রতা ভবতি, সা ভার্য্যা সহমৃতা সতী, প্রেতং মৃতম্, সংসরন্তং পরলোকে গচ্ছন্তম্, বিষমেষু শীতবাতাদিভিঃ পীড়াজনকেষু পথিষু, একপাতিনম্ একাকিভাবেন গচ্ছন্তং ভর্ত্তারম্, অন্বেতি অনুসরতি। অতঃ পরমবন্ধুরেব ভার্য্যেতি ভাবঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

তেনাসৌ প্রপৌত্রমপেক্ষত ইত্যর্থঃ ॥৩৯—৪২॥ পিতরঃ পিতৃবদ্ধিতৈষিণ্যঃ। মাতরো মাতৃবদ্দুঃখহন্ত্র্যঃ ॥৪৩—৪৪॥ বিষমেষু নরকেষ্বেক এব পততীতি তমেকপাতিনমপ্যনুগমনং করোতি ভর্ত্তারং নরকাদুদ্ধর্ত্তুম্। যথোক্তম্—"ব্যালগ্রাহী যথা ব্যালং বলাদুদ্ধরতে

যাহাদের ভার্য্যা আছে, তাহারাই যজ্ঞাদিক্রিয়ার অধিকারী, তাহারাই গৃহস্থ, তাহারাই আমোদ করিতে পারে এবং তাহারাই সর্ব্বত্র শোভা পাইয়া থাকে ॥৪২॥

প্রিয়ভাষিণী ভার্য্যা নির্জনে বন্ধুস্বরূপ, ধর্ম্মকার্য্যে পিতৃস্বরূপ এবং রোগপীড়ায় মাতৃস্বরূপ ॥৪৩॥

যে লোক সংসাররূপ দুর্গমপথের পথিক, তাহার পক্ষে ভার্য্যা পরম বিশ্রামস্থান এবং যাহার ভার্য্যা আছে, সে-ই বিশ্বাসের পাত্র। সুতরাং সংসারক্ষেত্রে ভার্য্যাই প্রধান অবলম্বন ॥৪৪॥

পতি মরিয়া যখন একাকী ভয়ঙ্কর দুর্গম পথ দিয়া পরলোকে গমন করিতে থাকেন, তখন পতিব্রতা ভার্য্যাই তাঁহার অনুসরণ করেন ॥৪৫॥

[৪৫] সংসরন্তমভিপ্রেতম্…।

এতস্মাৎ কারণাদ্রাজন্! পাণিগ্রহণমিষ্যতে।
যদাপ্নোতি পতির্ভার্য্যামিহ লোকে পরত্র চ ॥৪৭॥
আত্মাত্মনৈব জনিতঃ পুত্র ইত্যুচ্যতে বুধৈঃ।
তস্মাদ্ভার্য্যাং নরঃ পশ্যেন্মাতৃবৎ পুত্রমাতরম্ ॥৪৮॥
ভার্য্যায়াং জনিতং পুত্রমাদর্শেষ্বিব চাননম্।
হ্লাদতে জনিতা প্রেক্ষ্য স্বর্গং প্রাপ্যেব পুণ্যকৃৎ ॥৪৯॥
দহ্যমানা মনোদুঃখৈর্ব্যাধিভিশ্চাতুরা নরাঃ।
হ্লাদন্তে স্বেষু দারেষু ঘর্ম্মার্ত্তাঃ সলিলেষ্বিব ॥৫০॥

ভারতকৌমুদী

প্রথমমিতি। প্রথমং পত্যুঃ পূর্ব্বম্, সংস্থিতা মৃতা ভার্য্যা, প্রেত্য পরলোকং গত্বা, পুনর্জন্মগ্রহণায় পতিং প্রতীক্ষতে। সাধ্বী ভার্য্যা, অনুগচ্ছতি সহমৃতা সতীতি ভাবঃ ॥৪৬॥

এতস্মাদিতি। যদ্ যস্মাৎ কারণাৎ। পরত্র চ লোকে ॥৪৭॥

আত্মেতি। আত্মনা জনিত আত্মৈব পুত্রঃ। পশ্যেদিতি আত্মজন্মস্থানত্বেব মাতৃত্বাদিত্যাশয়ঃ ॥৪৮॥

ভার্য্যায়ামিতি। জনিতা জনয়িতা পিতা, আদর্শেষু জনিতম্ আননম্ আননপ্রতিবিম্বমিব, ভার্য্যায়াং জনিতং পুত্রম্, প্রেক্ষ্য পুণ্যকৃৎ স্বর্গং প্রাপ্যেব হ্লাদতে মোদতে ॥৪৯॥

দহ্যমানা ইতি। আতুরাঃ পীড়িতাঃ। স্বেষু দারেষু সংসজ্যেতি শেষঃ ॥৫০॥

ভারতভাবদীপঃ

বিলাৎ। নবকস্থং পতিং তদ্বৎ পতিপ্রাণানুগা সতী" ইতি ॥৪৫—৪৭॥ মাতৃবজ্জন্মভূ...

ভার্য্যা পূর্ব্বে মরিলে, তিনি পরলোকে যাইয়া পতির জন্য প্রতীক্ষা করিতে থাকেন; আর, পতি পূর্ব্বে মরিলে স্বাধ্বী ভার্য্যা তাঁহার অনুগমন করেন ॥৪৬॥

মহারাজ! ভর্ত্তা ইহলোকেও ভার্য্যাকে পান, পরলোকেও ভার্য্যাকে পাইয়া থাকেন; এই কারণেই মানুষ বিবাহ করে ॥৪৭॥

জ্ঞানিগণ বলিয়া থাকেন—ভর্ত্তা, ভার্য্যার গর্ভে আপনাকেই আপনি পুত্ররূপে উৎপাদন করিয়া থাকেন। সুতরাং তিনি পুত্রবতী ভার্য্যাকে মাতার ন্যায় দেখিবেন ॥৪৮॥

দর্পণে যেমন নিজমুখের প্রতিবিম্ব পড়ে, ভার্য্যাতেও তেমন পতি নিজেই পুত্ররূপে উৎপন্ন হন; সুতরাং ধার্ম্মিক লোক যেমন স্বর্গলাভ করিয়া আনন্দিত হন, পিতাও তেমন পুত্র দেখিয়া আনন্দিত হন ॥৪৯॥

ঘর্ম্মাক্ত লোক যেমন জলে অবগাহন করিয়া আনন্দ অনুভব করে, তেমন দুঃখিত ও রোগার্ত্ত লোক পত্নীর সহিত মিলিত হইয়া আনন্দ অনুভব করে ॥৫০॥

মহাভারতম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

আদিপর্ব্ব

নবমখণ্ডম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

শব্দাচার্য্য-পুরাণশাস্ত্রি-সাংখ্যরত্ন-ব্যাকরণতীর্থ-কাব্যতীর্থ-

স্মৃতিতীর্থোপাধিমতা মহোপদেশকেন

শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম

কলিকাতা ৪১ সংখ্যকস্থূরিবর্ত্মস্থসিদ্ধান্তবি..লয়াৎ

সিদ্ধান্তবাগীশেনৈব সম্পাদিতং প্রকাশিতঞ্চ

গ্রাহকপক্ষে মূল্যং

সাধারণপক্ষে মূল্যং ১।০

সুসংরব্ধোঽপি রামানাং ন কুর্য্যাদপ্রিয়ং নরঃ।
রতিং প্রীতিঞ্চ ধর্ম্মঞ্চ তাস্বায়ত্তমবেক্ষ্য হি ॥৫১॥
আত্মনো জন্মনঃ ক্ষেত্রং পুণ্যং রামা সনাতনম্।
ঋষীণামপি কা শক্তিঃ স্রষ্টুং রামামৃতে প্রজাম্ ॥৫২॥
পরিপত্য যদা সূনুর্ধরণীরেণুগুণ্ঠিতঃ।
পিতুরাশ্লিষ্যতেঽঙ্গানি কিমস্ত্যভ্যধিকং ততঃ ॥৫৩॥
স ত্বং স্বয়মভিপ্রাপ্তং সাভিলাষমিমং সুতম্।
প্রেক্ষমাণং কটাক্ষেণ কিমর্থমবমন্যসে ॥৫৪॥
অণ্ডানি বিভ্রতি স্বানি ন ভিন্দন্তি পিপীলিকাঃ।
ন ভরেথাঃ কথং নু ত্বং ধর্ম্মজ্ঞঃ সন্ স্বমাত্মজম্ ॥৫৫॥

ভারতকৌমুদী

স্বিতি। সুসংরব্ধোঽপি অতিশয়েন ক্রুদ্ধোঽপি। রামানাং স্ত্রীণাম্ ॥৫১॥
আত্মন ইতি। রামা স্ত্রী। সনাতনং চিরকালীনম্। ঋতে বিনা। প্রজাং সন্তানম্ ॥৫২॥
পরীতি। ধরণীরেণুগুণ্ঠিতো ধূলিধূসরিতঃ। পরিপত্য ক্রোড়ং গত্বা ॥৫৩॥
স ইতি। অভিপ্রাপ্তমুপস্থিতম্, তবৈবাঙ্কমারোঢ়ুং সাভিলাষম্ ॥৫৪॥
অণ্ডানীতি। বিভ্রতি পরিপালয়ন্তি; কিন্তু ন ভিন্দন্তি ন পরিত্যজন্তি ॥৫৫॥

ভারতভাবদীপঃ

রং ॥৪৮—৫০॥ সুসংরব্ধোঽপ্যতিক্রুদ্ধোঽপি। রামাণাং রম্যস্ত্রীণাম্ ॥৫১—৫২॥ প্রতিপত্য

রতি, প্রীতি ও ধর্ম্ম এ সমস্তই পত্নীর অধীন ইহা বুঝিয়া মানুষ অত্যন্ত ক্রুদ্ধ হইয়াও স্ত্রীলোকের অপ্রিয় কার্য্য করিবে না ॥৫১॥

স্ত্রীলোকই নিজের পবিত্র ও চিরন্তন উৎপত্তিস্থান। স্ত্রীলোক ব্যতীত ঋষিদেরও সন্তান সৃষ্টি করিবার ক্ষমতা নাই ॥৫২॥

যখন ধূলিধূসরিত পুত্রটী যাইয়া পিতার অঙ্গ আলিঙ্গন করে, তখন তাহা হইতে অধিক সুখ জগতে আর কি আছে? ॥৫৩॥

এই পুত্রটী নিজে উপস্থিত হইয়াছে, আপনার কোলে উঠিবার জন্য ইচ্ছা করিতেছে এবং বক্র নয়নে আপনার দিকে চাহিতেছে; এ অবস্থায় আপনি উহাকে কেন অবজ্ঞা করিতেছেন? ॥৫৪॥

অতিক্ষুদ্রপ্রাণী পিপীলিকারাও আপনাদের ডিমগুলিকে প্রতিপালন করে, কিন্তু পরিত্যাগ করে না; এ অবস্থায় আপনি ধর্ম্মজ্ঞ হইয়া নিজের পুত্রকে কেন প্রতিপালন করিবেন না? ॥৫৫॥

[৫১] সুসংরব্ধোঽপি রামাণাম্।
(৫২)…রামা সনাতনম্…রামামৃতে প্রজাঃ। (৫৩) প্রতিপত্য যদা…।

নবাসসাং ন রামাণাং নাপাং স্পর্শস্তথাবিধঃ।
শিশোরালিঙ্গ্যমানস্য স্পর্শঃ সূনোর্যথা সুখঃ ॥৫৬॥
ব্রাহ্মণো দ্বিপদাং শ্রেষ্ঠো গৌর্ব্বরিষ্ঠা চতুষ্পদাম্।
গুরুর্গরীয়সাং শ্রেষ্ঠঃ পুত্রঃ স্পর্শবতাং বরঃ ॥৫৭॥
স্পৃশতু ত্বাং সমাশ্লিষ্য পুত্রোঽয়ং প্রিয়দর্শনঃ।
পুত্রস্পর্শাৎ সুখতরঃ স্পর্শো লোকে ন বিদ্যতে ॥৫৮॥
ত্রিষু বর্ষেষু পূর্ণেষু প্রজাতাহমরিন্দম!।
ইমং কুমারং রাজেন্দ্র! তব শোকবিনাশনম্ ॥৫৯॥
আহর্ত্তা বাজিমেধস্য শতসংখ্যস্য পৌরবঃ।
ইতি বাগন্তরিক্ষে মাং সূতকেঽভ্যবদৎ পুরা ॥৬০॥

ভারতকৌমুদী

নেতি। বাসসাং সূক্ষ্মবস্ত্রাণাম্, রামাণাং সুন্দরীণাম্, অপাং জলানাম্ ॥৫৬॥

ব্রাহ্মণ ইতি। গরীয়সাং গৌরবপাত্রাণাং মধ্যে, গুরুঃ পিতা। বরঃ শ্রেষ্ঠঃ ॥৫৭॥

স্পৃশত্বিতি। সমাশ্লিষ্য সম্যগালিঙ্গ্য। সুখতর আধিক্যেন সুখকরঃ ॥৫৮॥

ত্রিষ্বিতি। হে অরিন্দম রাজেন্দ্র! গর্ভধারণদিনাদারভ্য ত্রিষু বর্ষেষু পূর্ণেষু সৎসু অহম্, তব বিচ্ছেদেন মম যঃ শোকস্তস্য বিনাশনম্ ইমং কুমারম্, প্রজাতা প্রসূতবতী। সকর্ম্মকত্ব-মার্ষম্ ॥৫৯॥

আহর্ত্তেতি। পুরা সূতকে তৎপ্রসবকালে, ইতি অন্তরিক্ষে বাক্ ইয়মাকাশবাণী মামভ্যবদৎ, যৎ পৌরবঃ পুরুবংশীয়ঃ অয়ং কুমারঃ, শতসংখ্যস্য বাজিমেধস্য অশ্বমেধযজ্ঞস্য, আহর্ত্তা অনুষ্ঠাতা ভবিষ্যতি। অতঃ খল্বসাধারণ এবায়ং তব পুত্র ইতি ভাবঃ ॥৬০॥

সূক্ষ্ম বস্ত্র, সুন্দরী স্ত্রী এবং শীতল জলেরও স্পর্শ তেমন সুখ জন্মায় না; শিশু পুত্রের আলিঙ্গনের সময়ে তাহার স্পর্শ যেমন সুখ জন্মায় ॥৫৬॥

দ্বিপদ প্রাণীর মধ্যে ব্রাহ্মণ শ্রেষ্ঠ, চতুষ্পদ প্রাণীর মধ্যে গরু শ্রেষ্ঠ, গুরু-জনের মধ্যে পিতা শ্রেষ্ঠ, আর সুখস্পর্শ বস্তুর মধ্যে পুত্রই শ্রেষ্ঠ ॥৫৭॥

এই প্রিয়দর্শন পুত্রটী যাইয়া আলিঙ্গন করিয়া আপনাকে স্পর্শ করুক। কেন না, পুত্রস্পর্শ অপেক্ষা অধিক সুখজনক স্পর্শ জগতে আর নাই ॥৫৮॥

মহারাজ! গর্ভধারণের দিন হইতে তিন বৎসর পূর্ণ হইলে, আমি এই পুত্রটীকে প্রসব করিয়াছিলাম এবং তখন হইতেই আমি আপনার বিরহকষ্ট কতক বিস্মৃত হইতে পারিয়াছিলাম ॥৫৯॥

নরনাথ! সেই প্রসবের সময়ে আমার প্রতি এইরূপ দৈববাণী হইয়াছিল 'এই পুরুবংশীয় বালকটী ভবিষ্যতে এক শত অশ্বমেধ যজ্ঞ করিবে' ॥৬০॥

৬০। পৌরব!...।

নন্থ নামাঙ্কমারোপ্য স্নেহাদ্‌গ্রামান্তরং গতাঃ।
মূর্দ্ধ্নি পুত্রানুপাঘ্রায় প্রতিনন্দন্তি মানবাঃ ॥৬১॥
বেদেষ্বপি বদন্তীমং মন্ত্রগ্রামং দ্বিজাতয়ঃ।
জাতকর্ম্মণি পুত্রাণাং তবাপি বিদিতং তথা ॥৬২॥
অঙ্গাদঙ্গাৎ সম্ভবসি হৃদয়াদধিজায়সে।
আত্মা বৈ পুত্রনামাসি স জীব শরদঃ শতম্ ॥৬৩॥
পোষ্যো হি ত্বদধীনোঽয়ং সন্তানোঽপি তবাক্ষয়ঃ।
তস্মাত্ত্বং জীব মে পুত্র! সুসুখী শরদাং শতম্ ॥৬৪॥
ত্বদঙ্গেভ্যঃ প্রসূতোঽয়ং পুরুষাৎ পুরুষোঽপরঃ।
সরসীবামলে ত্মানং দ্বিতীয়ং পশ্য বৈ সুতম্ ॥৬৫॥

ভারতকৌমুদী

নন্বিতি। নহু হে রাজন্! গ্রামান্তরং গতাঃ প্রস্থিতা মানবাঃ, স্নেহাৎ অঙ্কং ক্রোড়-মারোপ্য মূর্দ্ধ্নি পুত্রানুপাঘ্রায়, প্রতিনন্দন্তি অসকৃদানন্দন্তি, নাম ইতি সম্ভাবয়ামি ॥৬১॥

লোকাচারং প্রদর্শ্য বেদমপি প্রমাণয়তি বেদেষ্বপীতি। মন্ত্রগ্রামং মন্ত্রসমূহম্ ॥৬২॥

অঙ্গাদিতি। বীপ্সায়াং দ্বিরুক্তিঃ। হৃদয়াদিতি তস্যাঙ্গেষু প্রাধান্যপ্রদর্শনার্থং গোবৃষ-ন্যায়াৎ ॥৬৩॥

পোষ ইতি। অয়ং পোষ্যো বার্দ্ধকে মম পরিপোষণম্। অক্ষয়ো ভাবীতি শেষঃ ॥৬৪॥

ত্বদিতি। অয়ং কুমারস্ত্বদঙ্গেভ্যঃ প্রসূত উৎপন্নঃ; অতএব একস্মাৎ পুরুষাদপরঃ পুরুষো

ভারতভাবদীপঃ

প্রত্যেত্য ॥৫৩—৫৫॥ শিশোরজাতদন্তস্য সূনোঃ ॥৫৬—৬২॥ মন্ত্রগ্রামমেব পঠতি, অঙ্গাদিতি।

মহারাজ! আমি মনে করি—মানুষ স্থানান্তরে যাইবার সময়ে স্নেহবশতঃ পুত্রকে কোলে তুলিয়া লইয়া তাহার মস্তক আঘ্রাণ করিয়া অত্যন্ত আনন্দ অনুভব করে ॥৬১॥

পুত্রগণের জাতকর্ম্ম করিবার সময়ে ব্রাহ্মণগণ এই সকল বেদমন্ত্রও পাঠ করিয়া থাকেন; তাহা আপনারও জানা আছে ॥৬২॥

পুত্র! তুমি আমার প্রত্যেক অঙ্গ হইতে, বিশেষতঃ হৃদয় হইতে জন্মিয়াছ; সুতরাং তুমি আমার আত্মা এখন পুত্রনাম ধারণ করিয়াছ; অতএব এক শত বৎসর বাঁচিয়া থাক ॥৬৩॥

বৃদ্ধকালে আমার ভরণ-পোষণ করা তোমার অধীন হইবে এবং তোমার বংশ অক্ষয় হইবে। অতএব পুত্র! তুমি অত্যন্ত সুখী হইয়া এক শত বৎসর জীবিত থাক ॥৬৪॥

(৬১) হস্ত স্বমঙ্কমারোপ্য…। (৬৪) জীবিতং ত্বদধীনং মে সন্তানমপি চাক্ষয়ম্…।

যথা হ্যাহবনীয়োঽগ্নির্গার্হপত্যাৎ প্রণীয়তে।
তথা ত্বত্তঃ প্রসূতোঽয়ং ত্বমেকঃ সন্ দ্বিধাকৃতঃ ॥৬৬॥
মৃগাবকৃষ্টেন পুরা মৃগয়াং পরিধাবতা।
অহমাসাদিতা রাজন্! কুমারী পিতুরাশ্রমে ॥৬৭॥
উর্বশী পূর্বচিত্তিশ্চ সহজন্যা চ মেনকা।
বিশ্বাচী চ ঘৃতাচী চ ষড়েবাপ্সরসাং বরাঃ ॥৬৮॥
তাসাং মাং মেনকা নাম ব্রহ্মযোনির্ব্বরাপ্সরাঃ।
দিবঃ সম্প্রাপ্য জগতীং বিশ্বামিত্রাদজীজনৎ ॥৬৯॥

ভারতকৌমুদী

জাতঃ। তেন চ অমলে সরসীব, দ্বিতীয়ং আনম্ আত্মানম্ আত্মস্বরূপং সুতং পশ্য। আকারলোপ আর্ষঃ ॥৬৫॥

যথেতি। প্রণীয়তে যাজ্ঞিকৈরুৎপাদ্যতে। ত্বত্তস্তব সকাশাৎ। দ্বিধাকৃতো বিধাত্রা ॥৬৬॥

ইদানীং রাজ্ঞা সহাত্মনঃ সঙ্গমং স্মারয়তি মৃগেতি। মৃগেণাবকৃষ্ট আকৃষ্টেন ত্বয়া ॥৬৭॥

আত্মন উৎকর্ষং দ্যোতয়িতুং জন্ম পরিচায়য়তি উর্ব্বশীতি। বরাঃ প্রধানাঃ ॥৬৮॥

তাসামিতি। ব্রহ্মৈব যোনিরুৎপাদকো যস্যাঃ সা। দিবঃ স্বর্গাৎ। জগতীং পৃথিবীম্ ॥৬৯॥

ভারতভাবদীপঃ

শরদো বর্ষাণি ॥৬৩—৬৪॥ আনমাত্মানং দ্বিতীয়ম্, প্রতিবিম্বে ইব তব সাদৃশ্যমত্র পশ্যেতি ভাবঃ ॥৬৫॥ একঃ সন্ পুত্রে জাতে আহবনীয়াগ্নিবৎ দ্বিধাকৃতো দ্বৈরূপ্যং গতঃ ॥৬৬—৬৮॥

মহারাজ! এই বালকটী আপনার অঙ্গ হইতেই জন্মিয়াছে; সুতরাং একটী পুরুষ হইতে আর একটি পুরুষ উৎপন্ন হইয়াছে। অতএব সরোবরের নির্ম্মল জলে যেমন আপন প্রতিবিম্ব দেখে, তেমন এক আত্মাই পুত্ররূপে দুই হইয়াছে দেখুন ॥৬৫॥

যাজ্ঞিকেরা যেমন গার্হপত্যনামক অগ্নি হইতে আহবনীয়নামক অগ্নি উৎপাদন করেন, তেমন বিধাতা আপনা হইতে এই বালকটীকে উৎপাদন করিয়াছেন। সুতরাং আপনি একজন ছিলেন, এখন দুইজন হইয়াছেন ॥৬৬॥

মহারাজ! আপনি পূর্ব্বে মৃগয়া করিবার জন্য বনে গিয়াছিলেন, তখন একটা মৃগ আপনাকে আকর্ষণ করিয়া লইয়া গিয়াছিল, সেই অবস্থায় আপনি মহর্ষি কণ্বের আশ্রমে যাইয়া কুমারী অবস্থাতেই আমাকে লাভ করেন ॥৬৭॥

উর্ব্বশী, পূর্বচিত্তি, সহজন্যা, মেনকা, বিশ্বাচী ও ঘৃতাচী এই ছয় জনই অপ্সরাদের মধ্যে প্রধান ॥৬৮॥

তাঁহাদের মধ্যে আবার প্রধান অপ্সরা ব্রহ্মার কন্যা মেনকা স্বর্গ হইতে ভূমণ্ডলে আসিয়া বিশ্বামিত্র হইতে আমাকে উৎপাদন করেন ॥৬৯॥

(৬৯) তাসাং সা মেনকা নাম…।

সা মাং হিমবতঃ প্রস্থে সুষুবে মেনকাপ্সরাঃ।
অবকীর্য্য চ মাং যাতা পরাত্মজমিবাসতী ॥৭০॥
কিন্নু কর্ম্মাশুভং পূর্ব্বং কৃতবত্যস্ম্যজন্মনি।
যদহং বান্ধবৈস্ত্যক্তা বাল্যে সম্প্রতি চ ত্বয়া ॥৭১॥
কামং ত্বয়া পরিত্যক্তা গমিষ্যামি স্বমাশ্রমম্।
ইমন্তু বালং সংত্যক্তুং নার্হস্যাত্মজমাত্মনা ॥৭২॥
দুষ্মন্ত উবাচ।
ন পুত্রমভিজানামি ত্বয়ি জাতং শকুন্তলে!।
অসত্যবচনা নার্য্যঃ কস্তে শ্রদ্ধাস্যতে বচঃ ॥৭৩॥
মেনকা নিরনুক্রোশা বন্ধকী জননী তব।
যয়াসি হিমবৎপৃষ্ঠে নির্ম্মাল্যমিব চোজ্ঝিতা ॥৭৪॥

ভারতকৌমুদী

সেতি। প্রস্থে সমতলদেশে। অসতী সন্তানস্নেহাভাবান্নিষ্ঠুরস্বভাবা ॥৭০॥
কিমিতি। অশুভং ভজ্জনকং পাপম্। বান্ধবৈর্মাতাপিতৃপ্রভৃতিভিঃ। ত্বয়া পত্যা ॥৭১॥
কামমিতি। কামং যথেষ্টং পরিত্যাগকারণাভাবেঽপি স্বেচ্ছাত এব পরিত্যক্তেত্যর্থঃ ॥৭২॥
নেতি। নাভিজানামি ন স্মরামি। শ্রদ্ধাস্যতে বিশ্বসিষ্যতি ॥৭৩॥

ভারতভাবদীপঃ

সা প্রসিদ্ধা। অজীজনৎ মামিতি শেষঃ ॥৬৯॥ অবকীর্য্য অধস্ত্যক্ত্বা। অসতী অপত্য-

---

সেই নিষ্ঠুরস্বভাবা মেনকা হিমালয়ের কোন সমতল ভূমিতে আমাকে প্রসব করেন এবং তখনই পরের সন্তানের ন্যায় আমাকে পরিত্যাগ করিয়া চলিয়া যান ॥৭০॥

আমি পূর্ব্ব জন্মে কি গুরুতর পাপই যে করিয়াছিলাম, তাহা বলিতে পারি না। যাহার ফলে বান্ধবগণ আমাকে বাল্যকালে পরিত্যাগ করিয়াছিলেন, আর সম্প্রতি আপনিও পরিত্যাগ করিতেছেন ॥৭১॥

তবে, ইচ্ছা করিয়া আপনি আমাকে পরিত্যাগ করিলে, আমি নিজের আশ্রমেই চলিয়া যাইব। কিন্তু এই বালকটী আপনারই পুত্র; সুতরাং আপনি ইহাকে পরিত্যাগ করিতে পারেন না ॥৭২॥

দুষ্মন্ত বলিলেন—শকুন্তলা! তোমার গর্ভে যে আমার পুত্র জন্মিয়াছিল, তাহা আমার স্মরণ হইতেছে না। স্ত্রীলোকের কথা মিথ্যাই হইয়া থাকে; সুতরাং তোমার কথা কে বিশ্বাস করিবে ॥৭৩॥

তোমার জননী বেশ্যা মেনকা অত্যন্ত নির্দ্দয়া; কেন না, যে তোমাকে হিমালয়ের উপরে নির্ম্মাল্যের ন্যায় পরিত্যাগ করিয়া গিয়াছে ॥৭৪॥

স চাপি নিরনুক্রোশঃ ক্ষত্রযোনিঃ পিতা তব।
বিশ্বামিত্রো ব্রাহ্মণত্বে লুব্ধঃ কামবশং গতঃ ॥৭৫॥
মেনকাপ্সরসাং শ্রেষ্ঠা মহর্ষীণাং পিতা চ তে।
তয়োরপত্যং কস্মাত্ত্বং পুংশ্চলীব প্রভাষসে ॥৭৬॥
অশ্রদ্ধেয়মিদং বাক্যং কথয়ন্তী ন লজ্জসে।
বিশেষতো মৎসকাশে দুষ্টতাপসি! গম্যতাম্ ॥৭৭॥
ক মহর্ষিঃ স চৈবোগ্রঃ সাপ্সরাঃ ক চ মেনকা।
ক চ ত্বমেবং কৃপণা তাপসীবেশধারিণী ॥৭৮॥
অতিকায়শ্চ তে পুত্রো বালোঽতিবলবানয়ম্।
কথমল্পেন কালেন শালস্তম্ভ ইবোদ্‌গতঃ ॥৭৯॥

ভারতকৌমুদী

মেনকেতি। নিরনুক্রোশা নির্দ্দয়া, বন্ধকী বেশ্যা। উজ্ঝিতা পরিত্যক্তা।৭৪॥
স ইতি। নিরনুক্রোশো নির্দ্দয়স্তেনাপি পরিত্যাগাৎ। লুব্ধো লোভী ॥৭৫॥
মেনকেতি। মহর্ষীণাং মধ্যে শ্রেষ্ঠ ইত্যর্থঃ। পুংশ্চলীব বেশ্যেব ॥৭৬॥
অশ্রদ্ধেয়মিতি। অশ্রদ্ধেয়মবিশ্বাস্যম্, স্বর্গস্থামর্ত্ত্যস্থয়োঃ সঙ্গমাসম্ভবাৎ ॥৭৭॥
ক্বেতি। উগ্রঃ কোপনঃ। অপ্সরাঃ সুবিলাসবেশধারিণী। কৃপণা দীনা। সুবিলাসিন্যা অপ্সরসস্তনয়া ইত্থং দীনা তাপসীবেশধারিণী চ ভবিতুং নার্হতীতি ভাবঃ ॥৭৮॥
অতীতি। অতিকায়ো বৃহচ্ছরীরঃ। উদ্গতো দীর্ঘীভূতঃ ॥৭৯॥

ভারতভাবদীপঃ

স্নেহহীনা ॥৭০—৭৪॥ তব পিতরৌ নীচৌ, উচ্চৌ চেৎ কথং ত্বমেবং ভাষস ইত্যাহ দ্বাভ্যাম্।

আর, ক্ষত্রিয় হইতে উৎপন্ন, অথ চ ব্রাহ্মণ হইবার জন্য লোভী এবং কামাতুর সেই বিশ্বামিত্রও নির্দ্দয় ॥৭৫॥

মেনকা অপ্সরাদের মধ্যে শ্রেষ্ঠা এবং তোমার পিতা বিশ্বামিত্রও মহর্ষিদের মধ্যে শ্রেষ্ঠ; তুমি তাঁহাদের সন্তান হইলে কি করিয়া। তুমি বেশ্যার মত বলিতেছ ॥৭৬॥

তুমি এই অবিশ্বাস্য কথা বলিতে থাকিয়া লজ্জিত হইতেছ না? বিশেষতঃ আমার নিকটে। অতএব দুষ্টতাপসি! তুমি চলিয়া যাও ॥৭৭॥

সেই কোপনস্বভাব বিশ্বামিত্রই বা কোথায়, এবং সেই অপ্সরা মেনকাই বা কোথায়, আর এইরূপ দীনা ও তাপসীবেশা তুমিই বা কোথায়? ॥৭৮॥

তোমার এই বালক পুত্রটী এত অল্প কালের মধ্যে বিশালশরীর, অত্যন্তবলবান্ এবং শালবৃক্ষের ন্যায় অত্যন্ত দীর্ঘ হইল কি করিয়া? ॥৭৯॥

(৭৮)⋯স চৈবাগ্র্যঃ⋯। (৭৯)⋯শালস্কন্ধ ইব⋯শালস্কন্ধ ইব⋯।

সুনিকৃষ্টা চ তে যোনিঃ পুংশ্চলীব প্রভাষসে।
যদৃচ্ছয়া কামরাগাজ্জাতা মেনকয়া হ্যসি ॥৮০॥
সর্ব্বমেতৎ পরোক্ষং মে যত্ত্বং বদসি তাপসি!।
নাহং ত্বামভিজানামি যথেষ্টং গম্যতাং ত্বয়া ॥৮১॥ *

শকুন্তলোবাচ।

রাজন্! সর্ষপমাত্রাণি পরচ্ছিদ্রাণি পশ্যসি।
আত্মনো বিল্বমাত্রাণি পশ্যন্নপি ন পশ্যসি ॥৮২॥
মেনকা ত্রিদশেষ্বেব ত্রিদশাশ্চানু মেনকাম্।
মমৈবোৎকৃষ্যতে জন্ম দুষ্মন্ত! তব জন্মতঃ ॥৮৩॥

ভারতকৌমুদী

স্থিতি। তে তব যোনিঃ কারণীভূতা মেনকা সুনিকৃষ্টা বেশ্যাত্বাৎ; ত্বমপি পুংশ্চলীব বেশ্যেব প্রভাষসে, চাতুর্য্যেণৈব পুমাংসং বশীকর্ত্তুং প্রবৃত্তত্বাৎ। যদৃচ্ছয়া স্বাতন্ত্র্যেণ, কামরাগাদেব মেনকয়া ত্বং জাতাসি। অতস্তব জন্মাপি নিকৃষ্টমিতি ভাবঃ ॥৮০॥

সর্বমিতি। পরোক্ষমসমক্ষম্, অতএবাবিশ্বাস্যমিতি ভাবঃ। অভিজানামি পরিচিনোমি ॥৮১॥

রাজন্নিতি। অত্র ছিদ্রং দোষঃ। অত্রায়মাশয়ঃ—মম খলু কামরাগপ্রযুক্তজন্মমাত্র এবাকিঞ্চিৎকরো দোষঃ প্রায়েণৈব তদ্দোষদর্শনাৎ, তব তু অপতিতভার্য্যাত্যাগেন পাতিত্যরূপো গুরুতর এব দোষঃ, "পতিতাত্যাগ্যপতিতত্যাগিনশ্চ পতিতাঃ" ইতি গোতমবচনাৎ ॥৮২॥

মেনকেতি। মেনকা বেশ্যাপি ত্রিদশেষ্বেব দেবেষ্বেব গণ্যতে; কিঞ্চ ত্রিদশা দেবাঃ, মেনকাম্ অনু ততো নিকৃষ্টা এবেত্যর্থঃ, প্রভাবনিকর্ষাদিতি ভাবঃ। অত্র হীনার্থে অনুশব্দঃ, অতএব কর্ম্মপ্রবচনীয়ত্বাদ্দ্বিতীয়া। উৎকৃষ্যতে, মানুষতো দেবস্যোৎকর্ষাদিত্যভিপ্রায়ঃ ॥৮৩॥

তোমার মাতা বেশ্যা বলিয়া অত্যন্তনিকৃষ্টা, তুমিও বেশ্যার মতই বলিতেছ; তার পর সেই স্বৈরিণী মেনকাও কামান্ধ হইয়াই তোমাকে জন্মাইয়াছিল; সুতরাং তোমার জন্মও অত্যন্তনিকৃষ্ট ॥৮০॥

তার পর, তাপসি! তুমি যাহা কিছু বলিতেছ, সে সকল আমার স্মরণ হইতেছে না বলিয়া বিশ্বাসের অযোগ্য; বিশেষতঃ আমি তোমাকে চিনিও না; সুতরাং তুমি ইচ্ছানুসারে চলিয়া যাও ॥৮১॥

শকুন্তলা বলিলেন—রাজা! আপনি সর্ষপপ্রমাণ পরচ্ছিদ্রও দেখিতেছেন, কিন্তু নিজের বিল্বপ্রমাণ ছিদ্রগুলি দেখিয়াও দেখিতেছেন না ॥৮২॥

* অতঃ পরং কচিৎ 'দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ' কচিচ্চ 'অষ্টনবতিতমোঽধ্যায়ঃ' কচিদ্বা অধ্যায়সমাপ্তির্নাস্তি। (৮৩)···মমৈবোত্রিচ্যতে জন্ম দুষ্মন্ত! তব জন্মনঃ···।

ক্ষিতাবটসি রাজেন্দ্র! অন্তরীক্ষে চরাম্যহম্।
আবয়োরন্তরং পশ্য মেরুসর্ষপয়োরিব ॥৮৪॥
মহেন্দ্রস্য কুবেরস্য যমস্য বরুণস্য চ।
ভবনান্যনুসংযামি প্রভাবং পশ্য মে নৃপ! ॥৮৫॥
সত্যশ্চাপি প্রবাদোঽয়ং যং প্রবক্ষ্যামি তেঽনঘ!।
নিদর্শনার্থং ন দ্বেষাচ্ছ্রুত্বা ত্বং ক্ষন্তুমর্হসি ॥৮৬॥
বিরূপো যাবদাদর্শে নাত্মনঃ পশ্যতে মুখম্।
মন্যতে তাবদাত্মানমন্যেভ্যো রূপবত্তমম্ ॥৮৭॥
যদা স্বমুখমাদর্শে বিকৃতং সোঽভিবীক্ষতে।
তদান্তরং বিজানীতে আত্মানঞ্চেতরং জনম্ ॥৮৮॥

ভারতকৌমুদী

ক্ষিতাবিতি। আবয়োস্তব মম চ, অন্তরং ভেদম্ ॥৮৪॥

মহেন্দ্রস্যেতি। অনুসংযামি ইচ্ছয়ৈব যাতুমর্হামি, ত্বন্তু নেত্যাশয়ঃ ॥৮৫॥

সত্য ইতি। নিদর্শনার্থং কেবলং তবৈব জ্ঞাপনার্থম্ ॥৮৬॥

বিরূপ ইতি। এবমেব যাবদাত্মানং ন পরীক্ষয়সি, তাবদেব ত্বং নির্দোষং মন্যেথা ইতি ভাবঃ ॥৮৭॥

মেনকা বেশ্যা হইলেও দেবতার মধ্যে গণ্য; এমন কি দেবতারা ত মেনকা অপেক্ষা নিকৃষ্ট। অতএব দুষ্মন্ত! আপনার জন্ম অপেক্ষা আমার জন্ম উৎকৃষ্ট ॥৮৩॥

মহারাজ! আপনি কেবল ভূতলেই বিচরণ করিতে পারেন, আর আমি সে ভূতল ও আকাশ দুই স্থানেই বিচরণ করিতে পারি। সুতরাং সুমেরু ও সর্ষপের মত আমার ও আপনার ভেদটা দেখুন ॥৮৪॥

তার পর, মহারাজ! আমি ইচ্ছানুসারে ইন্দ্র, কুবের, যম ও বরুণের বাড়ী যাতায়াত করিতে পারি। অতএব আমার ক্ষমতাটা দেখুন ॥৮৫॥

মহারাজ! আমি যাহা বলিব, সে কথাগুলি সত্য। সে গুলি আপনাকে জানাইবার জন্যই বলিব, কিন্তু বিদ্বেষবশতঃ নহে। আপনি তাহা শুনিয়া ক্ষমা করিবেন ॥৮৬॥

কুৎসিত লোক যে পর্য্যন্ত আপনার মুখখানা দর্পণে না দেখে, সেই পর্য্যন্তই সে আপনাকে অত্যন্ত সুন্দর মনে করে ॥৮৭॥

---

[৮৬]···যৎপ্রবক্ষ্যামি···। [৮৭]···রূপবত্তরম্।

[৮৮]···তদেতরং বিজানাতি সোঽত্মানং নেতরং জনম্।

অতীবরূপসম্পন্নো ন কঞ্চিদবমন্যতে।
অতীব জল্পন্ দুর্বাচো ভবতীহ বিহেঠকঃ ॥৮৯॥
মূর্খো হি জল্পতাং পুংসাং শ্রুত্বা বাচঃ শুভাশুভাঃ।
অশুভং বাক্যমাদত্তে পুরীষমিব শূকরঃ ॥৯০॥
প্রাজ্ঞস্তু জল্পতাং পুংসাং শ্রুত্বা বাচঃ শুভাশুভাঃ।
গুণবদ্বাক্যমাদত্তে হংসঃ ক্ষীরমিবাম্ভসঃ ॥৯১॥
অন্যান্ পরিবদন্ সাধুর্যথা হি পরিতপ্যতে।
তথা পরিবদন্নন্যাংস্তুষ্টো ভবতি দুর্জনঃ ॥৯২॥

ভারতকৌমুদী

যদেতি। বিকৃতং কুৎসিতম্। আত্মানম্ ইতরং জনঞ্চ বিজ্ঞায়, অন্তরং দ্বয়োর্ভেদং বিজানীত ইত্যর্থঃ। এবমেবাত্মপরীক্ষণেন ত্বমপ্যাত্মপরয়োর্ভেদং বিজানীয়া ইত্যাশয়ঃ ॥৮৮॥

অতীবেতি। "বষ্টি ভাগুরিরল্লোপম্" ইত্যাদিনা বাক্‌শব্দাৎ টাপি বাচেতি রূপম্, ততশ্চ দুষ্টা বাচা যস্য স দুর্বাচঃ। বিহেঠকঃ পরপীড়কঃ। "হেঠ বিবাধায়াম্" ইতি হেঠতের্বুণ্ ॥৮৯॥

মূর্খ ইতি। শুভাশুভা উৎকৃষ্টনিকৃষ্টাঃ। অশুভং নিকৃষ্টম্। পুরীষং বিষ্ঠাম্ ॥৯০॥

প্রাজ্ঞ ইতি। গুণবদুৎকৃষ্টম্ ॥৯১॥

অন্যানিতি। সাধুঃ সজ্জনঃ, পরিবদন্ নিন্দন্ ॥৯২॥

ভারতভাবদীপঃ

স চেতি ॥৭৫—৮০॥ পরোক্ষমবিশ্বসনীয়ম্ ॥৮১—৮৮॥ বিহেঠকো নিন্দকঃ, পরোপতাপকো

আর, সে যখন দর্পণে আপনার মুখ খানা দেখে, তখন আপনার ও অন্যের বৈষম্য জানিতে পারে ॥৮৮॥

অত্যন্তসুন্দর লোক কাহারও অবজ্ঞা করেন না, আর অধিকভাষী ও কটুভাষী লোক নিন্দা করিয়া পরপীড়ক হইয়া থাকে ॥৮৯॥

অন্য লোক ভাল কথা ও মন্দ কথা দু-ই বলিতে থাকিলে, মূর্খ তাহার মন্দ কথাই গ্রহণ করে; শূকর যেমন (ফুল ফেলিয়া) বিষ্ঠা গ্রহণ করে ॥৯০॥

আর, অন্য লোক ভাল কথা ও মন্দ কথা দু-ই বলিতে লাগিলে, বিজ্ঞ লোক তাহার ভাল কথাই গ্রহণ করেন; যেমন হংস জল হইতে দুগ্ধ গ্রহণ করে ॥৯১॥

সজ্জন যেমন অন্যের নিন্দা করিয়া দুঃখিত হন, দুর্জন তেমন অন্যের নিন্দা করিয়া সুখী হয় ॥৯২॥

[৮৯]…ভবতীহ বিকত্থনঃ, ভবতীহ বিহেতুকঃ।

অভিবাদ্য যথা বৃদ্ধান্ সন্তো গচ্ছন্তি নির্বৃতিম্ ।
এবং সজ্জনমাক্রুশ্য মূর্খো ভবতি নির্বৃতঃ ॥৯৩॥
সুখং জীবন্ত্যদোষজ্ঞা মূর্খা দোষানুদর্শিনঃ ।
যত্র বাচ্যাঃ পরৈঃ সন্তঃ পরানাহুস্তথাবিধান্ ॥৯৪॥
অতো হাস্যতরং লোকে কিঞ্চিদন্যন্ন বিদ্যতে ।
যত্র দুর্জ্জনমিত্যাহ দুর্জ্জনঃ সজ্জনং স্বয়ম্ ॥৯৫॥
সত্যধর্ম্মচ্যুতাৎ পুংসঃ ক্রুদ্ধাদাশীবিষাদিব ।
অনাস্তিকোঽপ্যুদ্বিজতে জনঃ কিং পুনরাস্তিকঃ ॥৯৬॥
স্বয়মুৎপাদ্য বৈ পুত্রং সদৃশং যোঽবমন্যতে ।
তস্য দেবাঃ শ্রিয়ং ঘ্নন্তি ন চ লোকানুপাশ্নুতে ॥৯৭॥

ভারতকৌমুদী

অভিবাদ্যেতি । নির্বৃতিং সুখম্, গচ্ছন্তি প্রাপ্নুবন্তি । নির্বৃতঃ সুখী ॥৯৩॥

সুখমিতি । প্রাজ্ঞাঃ খলু পরেষাং দোষং জানন্তোঽপি তদনালোচনাদদোষজ্ঞা ইব সুখং জীবন্তি । মূর্খাস্তু পরেষাং দোষানুদর্শিনঃ সন্ত আকুলীভবন্তি । যত্র জগতি, পরৈরুত্তমৈঃ প্রাজ্ঞৈঃ, বাচ্যা নিন্দ্যা নিন্দিতাঃ সন্তো দুর্জ্জনাঃ, পরান্ তানুত্তমানপি, তথাবিধান্ নিন্দ্যানেবাহুঃ ॥৯৪॥

অত ইতি । যত্র যৎ, স্বয়ং দুর্জ্জনঃ সন্নপি, সজ্জনমেব দুর্জ্জনমাহেতি ॥৯৫॥

সত্যেতি । সত্যরূপো ধর্ম্মঃ সত্যধর্ম্মস্তস্মাচ্চ্যুতাৎ । অনাস্তিক আস্তিকেতরঃ ॥৯৬॥

ভারতভাবদীপঃ

ঘা । হেঠ বিবাধায়াম্ ॥৮৯—৯২॥ নির্বৃতঃ সুখী ॥৯৩॥ যত্র বিষয়ে পরৈঃ সদ্ভির্বাচ্যা নিন্দ্যাঃ সন্তো দুরাত্মানঃ পরান্ সাধূনেব নিন্দ্যানাহুঃ ॥৯৪—৯৫॥ অনাস্তিকঃ আস্তিকাদ্ভিন্নঃ

পণ্ডিতেরা যেমন বৃদ্ধবর্গের অভিবাদন করিয়া সুখী হন, মূর্খেরা তেমন সজ্জনের প্রতি আক্রোশ করিয়া সুখী হয় ॥৯৩॥

প্রাজ্ঞ লোকেরা পরের দোষ জানিয়াও তাহার আলোচনা না করায় তদনভিজ্ঞের ন্যায় থাকিয়া সুখে জীবন যাপন করেন ; আর মূর্খেরা পরের দোষ অনুসন্ধান করিতে থাকিয়া আকুল হইয়া জীবন যাপন করে এবং সজ্জনেরা যেখানে দুর্জ্জনদের নিন্দা করেন, সেই খানেই আবার দুর্জ্জনেরাও সজ্জনদিগের নিন্দা করে ॥৯৪॥

জগতে ইহা অপেক্ষা অন্য কোন হাস্যকর ব্যাপার নাই যে, মানুষ নিজে দুর্জ্জন হইয়া সজ্জনকে দুর্জ্জন বলে ॥৯৫॥

নাস্তিক লোকও, যখন ক্রুদ্ধ সর্পতুল্য সত্যভ্রষ্ট লোকের ভয় করিয়া থাকে ; তখন আর আস্তিক লোকের কথা কি বলিব ॥৯৬॥

কুলবংশপ্রতিষ্ঠাং হি পিতরঃ পুত্রমব্রুবন্।
উত্তমং সর্ব্বধর্ম্মাণাং তস্মাৎ পুত্রং ন সন্ত্যজেৎ ॥৯৮॥
স্বপত্নীপ্রভবান্ পঞ্চ লব্ধান্ ক্রীতান্ বিবর্দ্ধিতান্।
কৃতানন্যাসু চোৎপন্নান্ পুত্রান্ বৈ মনুরব্রবীৎ ॥৯৯॥
ধর্ম্মকীর্ত্ত্যাবহা নৃণাং মনসঃ প্রীতিবর্দ্ধনাঃ।
ত্রায়ন্তে নরকাজ্জাতাঃ পুত্রা ধর্ম্মপ্লবাঃ পিতৃন্ ॥১০০॥
স ত্বং নৃপতিশার্দ্দূল! ন পুত্রং ত্যক্তুমর্হসি।
আত্মানং সত্যধর্ম্মৌ চ পালয়ন্ পৃথিবীপতে!।
নরেন্দ্রসিংহ! কপটং ন বোঢ়ুং ত্বমিহার্হসি ॥১০১॥

ভারতকৌমুদী

স্বয়মিতি। সদৃশমাত্মতুল্যং গুণবন্তম্। শ্রিয়ং সম্পদম্। লোকান্ স্বর্গান্ ॥৯৭॥

কুলেতি। কুলং বার্দ্ধকে পিতৃদেহো বংশোঽন্বয়শ্চ তয়োঃ প্রতিষ্ঠামাশ্রয়স্থানম্। সর্ব-ধর্ম্মাণাং রক্ষকত্বেনোত্তমম্। "কুলং গোত্রে গণে দেহে" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥৯৮॥

স্বেতি। স্বপত্নীপ্রভবান্ অন্যাসু চোৎপন্নানিত্যৌরসত্বেনৈকবিধান্। কৃতান্ পুত্রিকা-পুত্রান্ ॥৯৯॥

ধর্ম্মেতি। ধর্ম্মকীর্ত্ত্যোরাবহা জনকাঃ। ধর্ম্মপ্লবা জাতা ধর্ম্মভেলীভূতাঃ সন্তঃ ॥১০০॥

স ইতি। সত্যং ধর্ম্মশ্চাপরো ন্যায়েন রাজ্যশাসনাদিস্তৌ। ষট্‌পদমিদং পদ্যম্ ॥১০১॥

ভারতভাবদীপঃ

॥৯৬॥ ইহ শ্রিয়ং স্বস্তি। লোকানমুত্র ॥৯৭—৯৮॥ স্বপত্নীপ্রভবানন্যাসু চোৎপন্নাংশ্চতুর্বিধা-নেবং পঞ্চ পুত্রান্ প্রচক্ষতে। কৃতান্ উপনয়নাদিনা সংস্কৃতান্ ॥৯৯—১০০॥ আত্মানং

যে ব্যক্তি নিজেই উপযুক্ত পুত্র উৎপাদন করিয়া আবার তাহার প্রতি অবজ্ঞা করে, দেবতারা তাহার সম্পদ নষ্ট করেন এবং সে, স্বর্গলাভ করিতে পারে না ॥৯৭॥

পিতৃলোকেরা বলেন—পুত্রই, বৃদ্ধকালে পিতার দেহরক্ষার, চিরদিন বংশরক্ষার এবং সমস্ত ধর্ম্মরক্ষার প্রধান উপায়; সুতরাং সে পুত্রকে ত্যাগ করিবে না ॥৯৮॥

মনু পাঁচপ্রকার পুত্র বলিয়াছেন—নিজের স্ত্রীর গর্ভে বা অন্যের স্ত্রীর গর্ভে নিজের উৎপাদিত, লব্ধ, ক্রীত, পালিত এবং পুত্রিকাপুত্র ॥৯৯॥

পুত্র ধর্ম্ম ও কীর্ত্তিজনক, মনের আনন্দবর্দ্ধক এবং ধর্ম্মের ভেলা হইয়া নরক হইতে পিতৃলোকের পরিত্রাণকারক ॥১০০॥

মহারাজ! আপনি আত্মা, সত্য এবং অপরাপর ধর্ম্মের রক্ষায় প্রবৃত্ত রহিয়াছেন; সুতরাং আপনি পুত্রকে ত্যাগ করিতে পারেন না এবং কপটতাও করিতে পারেন না ॥১০১॥

বরং কূপশতাদ্বাপী বরং বাপীশতাৎ ক্রতুঃ।
বরং ক্রতুশতাৎ পুত্রঃ সত্যং পুত্রশতাদ্বরম্ ॥১০২॥
অশ্বমেধসহস্রঞ্চ সত্যঞ্চ তুলয়া ধৃতম্।
অশ্বমেধসহস্রাদ্ধি সত্যমেব বিশিষ্যতে ॥১০৩॥
সর্ব্ববেদাধিগমনং সর্বতীর্থাবগাহনম্।
সত্যঞ্চ বচনং রাজন্! সমং বা স্যান্নবাসমম্ ॥১০৪॥
নাস্তি সত্যসমো ধর্ম্মো ন সত্যাদ্বিদ্যতে পরম্।
নহি তীব্রতরং কিঞ্চিদনৃতাদিহ বিদ্যতে ॥১০৫॥
রাজন্! সত্যং পরং ব্রহ্ম সত্যঞ্চ সময়ঃ পরঃ।
মা ত্যাক্ষীঃ সময়ং রাজন্! সত্যং সঙ্গতমস্তু তে ॥১০৬॥

ভারতকৌমুদী

বরমিতি। বরমিতি শ্রেষ্ঠার্থেঽপি ক্লীবত্বমার্ষম্; "দেবাদ্বৃতে বরঃ শ্রেষ্ঠে ত্রিষু ক্লীবং মনাক্প্রিয়ে" ইত্যমরঃ ॥১০২॥

অশ্বেতি। ধৃতং ধর্ম্মপরীক্ষকৈঃ। বিশিষ্যতে আধিক্যেনাবধার্য্যতে তৈঃ ॥১০৩॥

সর্ব্বেতি। অসমং বেদাধিগমনাদিভ্যঃ সত্যমধিকমিত্যাশয়ঃ ॥১০৪॥

নেতি। পরমুৎকৃষ্টম্। তীব্রতরম্ অধিকদুঃখজনকত্বেন ভয়ঙ্করম্ ॥১০৫॥

রাজন্নিতি। সময় আচারঃ। সময়মাচারম্। সঙ্গতম্ আত্মনি চিরস্থিতম্ ॥১০৬॥

শত কূপ খনন অপেক্ষা একটী দীর্ঘিকাখনন শ্রেষ্ঠ, শত দীর্ঘিকাখনন অপেক্ষা একটী যজ্ঞ করা শ্রেষ্ঠ, শত যজ্ঞ করা অপেক্ষা একটী পুত্র উৎপাদন করা শ্রেষ্ঠ এবং শত পুত্র উৎপাদন করা অপেক্ষা একটী সত্য পালন করা শ্রেষ্ঠ ॥১০২॥

তুলাযন্ত্রের এক দিকে সহস্র অশ্বমেধ যজ্ঞ এবং অন্যদিকে একটি সত্য তুলিয়া দিয়া পরীক্ষকেরা মাপিয়াছিলেন; তাহাতে তাঁহারা দেখিলেন, সহস্র অশ্বমেধ অপেক্ষা সত্যই অধিক হইয়া গিয়াছে ॥১০৩॥

সমস্ত বেদ অধ্যয়ন, সমস্ত তীর্থে স্নান এবং সত্য বাক্য, এই গুলি পরস্পর সমানও হইতে পারে এবং সত্য অধিক হওয়ায় অসমানও হইতে পারে ॥১০৪॥

সত্যের তুল্য ধর্ম্ম নাই এবং সত্য অপেক্ষা উৎকৃষ্ট বস্তুও নাই; আবার মিথ্যা হইতে ভয়ঙ্করও এই জগতে কিছু নাই ॥১০৫॥

মহারাজ! সত্যই পর ব্রহ্ম এবং সত্যই পরম সদাচার। সুতরাং আপনি সে সদাচার ত্যাগ করিবেন না; আপনার হৃদয়ে চিরকালই সত্য সংলগ্ন থাক্ ॥১০৬॥

অনৃতে চেৎ প্রসঙ্গস্তে শ্রদ্দধাসি ন চেৎ স্বয়ম্ ।
আত্মনা হন্ত গচ্ছামি ত্বাদৃশে নাস্তি সঙ্গতম্ ॥১০৭॥
ঋতেঽপি ত্বাঞ্চ দুষ্মন্ত ! শৈলরাজাবতংসিকাম্ ।
চতুরন্তামিমামুর্ব্বীং পুত্রো মে পালয়িষ্যতি ॥১০৮॥
বৈশম্পায়ন উবাচ ।
এতাবদুক্ত্বা রাজানং প্রাতিষ্ঠত শকুন্তলা ।
অথান্তরীক্ষে দুষ্মন্তং বাগুবাচাশরীরিণী ॥১০৯॥
ঋত্বিক্পুরোহিতাচার্য্যৈর্মন্ত্রিভিশ্চ বৃতং তদা ।
ভস্ত্রা মাতা পিতুঃ পুত্রো যেন জাতঃ স এব সঃ ॥১১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অনৃত ইতি । অনৃতে মিথ্যাব্যবহারে, প্রসঙ্গো দৃঢ়াসক্তিঃ । ন শ্রদ্দধাসি মদ্বাক্যং ন বিশ্বসিষি । সঙ্গতং মম সম্মেলনম্, নাস্তি ন সম্ভবতি ॥১০৭॥

ঋত ইতি । ঋতে বিনা । শৈলরাজো হিমালয়ঃ অবতংসঃ শিরোভূষা যস্যাস্তাম্, চত্বারঃ সমুদ্রা অন্তেষু যস্যাস্তাঞ্চ । স্বপ্রভাবাদেব সার্ব্বভৌমো ভবিষ্যতীতি ভাবঃ ॥১০৮॥

এতাবদিতি । অশরীরিণী শরীরিণা কেনচিদপ্রযুক্তেত্যর্থঃ । ঋত্বিজো বৈদিককর্ম্ম-কর্ত্তারঃ, পুরোহিতাঃ স্মার্ত্তাদিকর্ম্মকর্ত্তারঃ, আচার্য্যা উপধ্যায়াশ্চ তৈঃ । মাতা ভস্ত্রা চর্ম্ম-কোশস্বরূপা, বায়োরিব সন্তানস্যোদরে কেবলধারণাদিতি ভাবঃ, কিন্তু পুত্রঃ পিতুরেব, যেন হেতুনা, স পিতৈব, স পুত্রো জাতঃ । "ভস্ত্রা চর্ম্মপ্রসেবিকা" ইত্যমরঃ ॥১০৯—১১০॥

ভারতভাবদীপঃ

পালয়ন্ পালনহেতোঃ ॥১০১—১০৫॥ সময়ো নিয়মঃ । সঙ্গতং সখ্যম্ ॥১০৬—১০৭॥ অত্র "ঋতেঽপি গর্দ্দভীক্ষীরাৎ পয়ঃ পাস্যতি মে সুতঃ" ইতি কচিৎ পঠ্যতে । তস্যায়ং ভাবঃ—গর্দ্দভীক্ষীরবত্ত্বয়া দত্তমপি রাজ্যং পরিত্যজ্য স্বভুজবলেনৈব মৎপুত্রো রাজ্যং করিষ্যতীতি । ত্বামিতি । চতুরন্তাং চতুঃসমুদ্রান্তাম্ ॥১০৮—১০৯॥ ভস্ত্রা চর্ম্মকোশস্তত্র নিহিতং বীজং যথা তদীয়ং ন ভবতি, এবং মাতাপি ভস্ত্রেব । যেন হেতুনা যো জাতঃ স এব সঃ, কার্য্যস্য

পক্ষান্তরে, আপনি যদি মিথ্যাতেই আসক্ত হইয়া থাকেন এবং আমার কথায় যদি বিশ্বাস না করেন, হায় ! তবে আমি নিজেই চলিয়া যাইতেছি, আপনার মত লোকের সঙ্গে আমার সম্মেলন সম্ভব হইবে না ॥১০৭॥

দুষ্মন্ত ! তোমা ব্যতীতও আমার পুত্র, হিমালয়ালঙ্কৃত চতুঃসমুদ্রবেষ্টিত এই পৃথিবী শাসন করিবে ॥১০৮॥

বৈশম্পায়ন বলিলেন—শকুন্তলা রাজাকে এই সকল কথা বলিয়া প্রস্থান করিলেন । তাহার পর, পুরোহিত, আচার্য্য ও মন্ত্রিগণে পরিবেষ্টিত দুষ্মন্তের

[১০৮] ঋতেঽপি ত্বয়ি দুষ্মন্ত !, ত্বামৃতেঽপি হি দুষ্মন্ত ! শৈলরাজাবতংসকাম্… ।
[১০৯] অথান্তরিক্ষাদ্দুষ্মন্তম্ ।

ভরস্ব পুত্রং দুষ্মন্ত ! মাবমংস্থাঃ শকুন্তলাম্ ।
রেতোধাঃ পুত্র উন্নয়তি নরদেব ! যমক্ষয়াৎ ॥১১১॥
ত্বঞ্চাস্য ধাতা গর্ভস্য সত্যমাহ শকুন্তলা ।
জায়া জনয়তে পুত্রমাত্মনোঽঙ্গং দ্বিধা কৃতম্ ॥১১২॥
তস্মাদ্ভরস্ব দুষ্মন্ত ! পুত্রং শাকুন্তলং নৃপ ! ।
অভূতিরেষা যত্ত্যক্ত্বা জীবেজ্জীবন্তমাত্মজম্ ॥১১৩॥
শাকুন্তলং মহাত্মানং দৌষ্মন্তিং ভর পৌরব ! ।
ভর্ত্তব্যোঽয়ং ত্বয়া যস্মাদস্মাকং বচনাদপি ।
তস্মাদ্ভবত্বয়ং নাম্না ভরতো নাম তে সুতঃ ॥১১৪॥

ভারতকৌমুদী

ভরস্বেতি। ভরস্ব পালয়। রেতোধাঃ সন্তানোৎপাদনায় শুক্রনিষেক্তা। যমক্ষয়ান্নরকাৎ, উন্নয়তি পিতরমুদ্ধারয়তি। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥১১১॥

ত্বমিতি। অস্য এতৎপুত্রীভূতস্য। ধাতা জনয়িতা। আত্মনঃ পিতুঃ॥১১২॥

তস্মাদিতি। পিতা জীবন্তমাত্মজং ত্যক্ত্বা যজ্জীবেৎ, এষা তস্য অভূতিরমঙ্গলম্ ॥১১৩॥

ভর্ত্তব্য ইতি। অস্মাকং দেবানাম্, অস্মদ্বচনাদপি। ভরত ইতি পৃষোদরাদিত্বাৎ সাধু। ষট্‌চরণোঽয়ং শ্লোকঃ ॥১১৪॥

ভারতভাবদীপঃ

কারণানন্যত্বাৎ ॥১১০॥ ভরস্ব ধারয়স্ব, পোষয়স্ব বা। রেতোধাঃ রেতঃসেক্তা যঃ স এষ পুত্রঃ পিতুরনন্য এবেত্যর্থঃ। উন্নয়তি উর্দ্ধং নয়তি, যমক্ষয়াৎ নরকাৎ; পিতৃনিতি

প্রতি এই আকাশবাণী হইল—'মাতা ত কেবল ভস্ত্রা (ভাথী, যাঁতা) স্বরূপ; পুত্র পিতারই বটে; যে হেতু পিতাই পুত্র হইয়া জন্মিয়া থাকেন ॥১০৯-১১০॥

দুষ্মন্ত ! এই পুত্রটীকে রাখিয়া ভরণ-পোষণ কর, শকুন্তলার প্রতিও অবজ্ঞা করিও না। কারণ, নরনাথ ! সন্তানোৎপাদক পুত্র পিতাকে যমালয় হইতে উদ্ধার করে ॥১১১॥

শকুন্তলা সত্যই বলিয়াছে, তুমিই এই পুত্রটীর জনক। বিধাতা পিতার শরীর দুই ভাগে বিভক্ত করিয়া পুত্র সৃষ্টি করেন; আর মাতা তাহাকে প্রসব করেন ॥১১২॥

অতএব দুষ্মন্ত ! শকুন্তলার গর্ভজাত পুত্রটীকে রাখিয়া ভরণ পোষণ কর। কারণ, পিতা জীবিত পুত্রকে পরিত্যাগ করিয়া যে জীবন ধারণ করেন, তাহা তাঁহার পক্ষে অমঙ্গল ॥১১৩॥

হে পুরুরাজ ! এটী তোমার ঔরসে শকুন্তলার গর্ভে জন্মিয়াছে; সুতরাং এই মহাত্মাকে রাখিয়া ভরণ-পোষণ কর। যখন আমাদের অনুরোধেও

তচ্ছ্রুত্বা পৌরবো রাজা ব্যাহৃতং ত্রিদিবৌকসাম্।
পুরোহিতমমাত্যাংশ্চ সম্প্রহৃষ্টোঽব্রবীদিদম্ ॥১১৫॥
শৃণ্বন্ত্বেতদ্ভবন্তোঽস্য দেবদূতস্য ভাষিতম্।
অহঞ্চাপ্যেবমেবৈনং জানামি স্বয়মাত্মজম্ ॥১১৬॥
যদ্যহং বচনাদস্যা গৃহ্ণীয়ামিমমাত্মজম্।
ভবেদ্ধি শঙ্কা লোকস্য নৈব শুদ্ধো ভবেদয়ম্ ॥১১৭॥

বৈশম্পায়ন উবাচ।

তং বিশোধ্য তদা রাজা দেবদূতেন ভারত!।
হৃষ্টঃ প্রমুদিতশ্চাপি প্রতিজগ্রাহ তং সুতম্ ॥১১৮॥
ততস্তস্য তদা রাজা পিতৃকার্য্যাণি সর্বশঃ।
কারয়ামাস মুদিতঃ প্রীতিমানাত্মজস্য হি ॥১১৯॥

ভারতকৌমুদী

তদিতি। ত্রিদিবৌকসাং দেবানাম্, ব্যাহৃতং দূতমুখেনোক্তং বাক্যম্ ॥১১৫॥
শৃণ্বন্ত্বিতি। স্বয়মহঞ্চাপি। এনং শকুন্তলাপুত্রম্ ॥১১৬॥
যদীতি। অস্যাঃ শকুন্তলায়াঃ। শুদ্ধো দুষ্মন্তৌরসত্বেন নির্দোষঃ, অন্যস্যাপি সম্ভবাৎ ॥১১৭॥
তমিতি। দেবদূতেন দেবদূতবাক্যেন, বিশোধ্য স্বৌরসত্বজ্ঞাপনেন নির্দ্দোষীকৃত্য ॥১১৮॥

ভারতভাবদীপঃ

শেষঃ ॥১১১॥ ধাতা নিষেক্তা ॥১১২॥ অভূতিরভাগ্যম্ ॥১১৩—১১৬॥ গৃহ্ণীয়ামি গৃহ্ণীয়াম্।

ইহাকে রাখিয়া তোমার ভরণ-পোষণ করিতে হইবে, তখন এই পুত্রটী 'ভরত' নামে প্রসিদ্ধ হউক ॥১১৪॥

রাজা দুষ্মন্ত দেবগণের সেই বাক্য শুনিয়া, অত্যন্ত আনন্দিত হইয়া, পুরোহিত ও মন্ত্রিবর্গকে এই কথা বলিলেন ॥১১৫॥

আপনারা দেবদূতের এই বাক্য শ্রবণ করুন; আমি নিজেও এই বালকটীকে এই রূপেই নিজের পুত্র বলিয়া জানি ॥১১৬॥

কিন্তু আমি যদি কেবল শকুন্তলার কথাতেই এই বালকটীকে পুত্র বলিয়া গ্রহণ করি, তবে লোকের আশঙ্কা হইবে যে, এটী রাজার ঔরস পুত্র না হইতেও পারে ॥১১৭॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! তখন দুষ্মন্ত সেই আকাশবাণীদ্বারা সেই বালকটীকে নিজের ঔরস পুত্র বলিয়া প্রমাণ করাইয়া লইয়া, সহাস্য-মুখে এবং আনন্দিতচিত্তে তাহাকে পুত্র বলিয়া গ্রহণ করিলেন ॥১১৮॥

[১১৫] তচ্ছ্রুত্বা পৌরবো রাজন্! ব্যাহৃতং বৈ দিবৌকসাম্ ··।
[১১৬]···ভবন্তোঽস্য···।

মূর্দ্ধ্নি চৈনমুপাঘ্রায় সস্নেহং পরিষস্বজে।
সভাজ্যমানো বিপ্রৈশ্চ স্তূয়মানশ্চ বন্দিভিঃ ॥১২০॥
স মুদং পরমাং লেভে পুত্রসংস্পর্শজাং নৃপঃ।
তাঞ্চৈব ভার্য্যাং দুষ্মন্তঃ পূজয়ামাস ধর্ম্মতঃ ॥১২১॥
অব্রবীচ্চৈব তাং রাজা সান্ত্বপূর্ব্বমিদং বচঃ।
কৃতো লোকপরোক্ষোঽয়ং সম্বন্ধো বৈ ত্বয়া সহ ॥১২২॥
তস্মাদেতন্ময়া দেবি! ত্বচ্ছুদ্ধ্যর্থং বিচারিতম্।
মন্যতে চৈব লোকস্তে স্ত্রীভাবান্ময়ি সঙ্গতম্ ॥১২৩॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রীতিমান্ পুত্রং প্রতিপ্রণয়বান্। পিতৃকার্য্যাণি উপনয়নাদীনি ॥১১৯॥

মূর্দ্ধ্নীতি। সভাজ্যমানঃ প্রশস্যমানো রাজা, পরিষস্বজে আলিলিঙ্গ ॥১২০॥

স ইতি। তাং ভার্য্যাং শকুন্তলাঞ্চ, পূজয়ামাস বিশেষাদরেণ সম্মানয়ামাস ॥১২১॥

অব্রবীদিতি। অক্ষাণাং পরঃ পরোক্ষঃ লোকানাং পরোক্ষ ইন্দ্রিয়াবিষয়ঃ, অয়ং সম্বন্ধো গান্ধর্ব্ববিধানেন পতিপত্নীত্বসম্পর্কঃ, ময়া কৃতঃ ॥১২২॥

তস্মাদিতি। ত্বচ্ছুদ্ধ্যর্থং তব নির্দ্দোষত্বপ্রমাণার্থম্। এতৎ বিস্মরণাস্বীকারাদিকম্, বিচারিতম্ বিচার্য্য কৃতম্। স্ত্রীভাবাৎ স্ত্রীণাং স্বাভাবিককামচাঞ্চল্যাৎ, সঙ্গতং সঙ্গমম্ ॥১২৩॥

ভারতভাবদীপঃ

ইতো লোপাভাব আর্ষঃ ॥১১৭—১১৮॥ পিতৃকর্ম্মাণি পিত্রা কর্ত্তব্যান্যুপনয়নাদীনি ॥১১৯॥

তাহার পর রাজা আনন্দিত ও স্নেহপরায়ণ হইয়া, তখনই সেই পুত্রটীর উপনয়নপ্রভৃতি পিতার কর্ত্তব্য সমস্ত কার্য্য করিলেন ॥১১৯॥

তখন ব্রাহ্মণগণ প্রশংসা করিতে লাগিলেন এবং বন্দিগণ স্তব করিতে থাকিল; এই অবস্থায় রাজা সস্নেহে পুত্রটীর মস্তকাঘ্রাণ করিয়া আলিঙ্গন করিলেন ॥১২০॥

রাজা তখন পুত্রসংস্পর্শনিবন্ধন পরম আনন্দলাভ করিলেন এবং ধর্ম্মানুসারে শকুন্তলাকে ভার্য্যা বলিয়া গ্রহণ করিয়া বিশেষ সম্মানিত করিলেন ॥১২১॥

এবং রাজা অনুনয় সহকারে এই সকল কথা শকুন্তলাকে বলিলেন— 'দেবি! আমি লোকের অসমক্ষে তোমার সঙ্গে এই সম্বন্ধ স্থাপন করিয়াছিলাম ॥১২২॥

সেই জন্যই আমি বিশেষ বিবেচনা করিয়া তোমার নির্দ্দোষতা প্রমাণ করিবার জন্য এই রূপ ব্যবহার করিয়াছি। না হইলে, লোকে মনে করিত যে, স্ত্রীলোকের স্বাভাবিক চপলতাবশতই তোমার সহিত আমার সঙ্গম হইয়াছিল ॥১২৩॥

পুত্রশ্চায়ং বৃতো রাজ্যে ময়া তস্মাদ্বিচারিতম্।
যচ্চ কোপিতয়াত্যর্থং ত্বয়োক্তোঽস্ম্যপ্রিয়ং প্রিয়ে!।
প্রণয়িন্যা বিশালাক্ষি! তৎ ক্ষান্তং তে ময়া শুভে! ॥১২৪॥
তামেবমুক্ত্বা রাজর্ষির্দুষ্মন্তো মহিষীং প্রিয়াম্।
বাসোভিরন্নপানৈশ্চ পূজয়ামাস ভারত! ॥১২৫॥
দুষ্মন্তস্তু ততো রাজা পুত্রং শাকুন্তলং তদা।
ভরতং নামতঃ কৃত্বা যৌবরাজ্যেঽভ্যষেচয়ৎ ॥১২৬॥
ততো বর্ষশতং পূর্ণং রাজ্যং কৃত্বা নরাধিপঃ।
গত্বা বনানি দুষ্মন্তঃ স্বর্গলোকমুপেযিবান্ ॥১২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
সম্ভবে শাকুন্তলং সমাপ্তং নামাষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

পুত্র ইতি। বৃতঃ কর্ত্তব্য ইতি বিচারিতং মনসা বিচার্য্যাবধৃতম্। কোপিতয়া মযৈব বিস্মরণোক্ত্যাদিনা ক্রোধং প্রাপিতয়া। ষট্‌পাদমিদং পদ্যম্ ॥১২৪॥

তামিতি। বাসোভির্মহিষীপরিধানযোগ্যৈঃ পট্টবস্ত্রৈঃ। পূজয়ামাস সম্মানয়ামাস ॥১২৫॥

দুষ্মন্ত ইতি। নামতো নাম্না। অভ্যষেচয়ৎ পুরোহিতাদিভিরভিষেচিতবান্ ॥১২৬॥

ভারতভাবদীপঃ

সভাজ্যমানঃ পূজ্যমানঃ ॥১২০—১২১॥

ইতি আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৮॥

আর আমি বিশেষ বিবেচনা করিয়া পূর্ব্বেই মনে মনে স্থির করিয়াছিলাম যে, এই পুত্রটীকে রাজ্যে অভিষিক্ত করিতে হইবে এবং প্রিয়তমে! বিশালনয়নে! কল্যাণি! তুমি ক্রুদ্ধ হইয়া আমার প্রতি যে সকল অপ্রিয় কথা বলিয়াছ, আমি সে সমস্তই তোমার ক্ষমা করিয়াছি' ॥১২৪॥

রাজর্ষি দুষ্মন্ত প্রিয়তমা মহিষী শকুন্তলাকে এইরূপ বলিয়া, উপযুক্ত বস্ত্র, অন্ন ও পানীয় দ্বারা তাঁহাকে সম্মানিত করিলেন ॥১২৫॥

তাহার পর, দুষ্মন্ত শকুন্তলার পুত্রটীর 'ভরত' নাম করিয়া, তাহাকে যৌবরাজ্যে অভিষিক্ত করাইলেন ॥১২৬॥

---

১২৭ শ্লোকঃ কুত্রচিৎ পুস্তকে ন দৃশ্যতে। কতিপয়পুস্তকে তু এতৎপরাধ্যায়গত-কতিপয়শ্লোকা অত্রসন্নিবেশিতা দৃশ্যন্তে। * 'একসপ্ততিতমোঽধ্যায়ঃ' 'চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ' 'শততমোঽধ্যায়ঃ' ইত্যাদয়ঃ পাঠভেদাঃ।

ঊননবতিতমোঽধ্যায়ঃ

বৈশম্পায়ন উবাচ। *

দুষ্মন্তাদ্ভরতো রাজ্যং যথান্যায়মবাপ সঃ।
তস্য তৎ প্রথিতং চক্রং প্রাবর্ত্তত মহাত্মনঃ ॥১॥
ভাস্বরং দিব্যমজিতং লোকসংনাদনং মহৎ।
স বিজিত্য মহীপালাংশ্চকার বশবর্ত্তিনঃ ॥২॥ (যুগ্মকম্)
চচার চ সতাং ধর্ম্মং প্রাপ চানুত্তমং যশঃ।
স রাজা চক্রবর্ত্ত্যাসীৎ সার্বভৌমঃ প্রতাপবান্ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। "গৃহস্থস্তু যদা পশ্যেদ্বলীপলিতমাত্মনঃ। অপত্যপুত্রাংস্তৎপুত্রাংস্তদারণ্যং সমাবিশেৎ ॥" ইতি শাস্ত্রাদেব বনগমনমিতি ভাবঃ ॥১২৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়ামাদিপর্ব্বণি সম্ভবে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

দুষ্মন্তাদিতি। ভাস্বরমুজ্জ্বলম্, দিব্যমলৌকিকম্, অজিতং শক্রভিরপ্রতিহতম্, লোকে সন্নাদনং বিশালশব্দকরম্, চক্রং রথাঙ্গম্, প্রাবর্ত্তত দিগ্বিজয়ায় প্রবৃত্তমভবৎ ॥১—২॥

চচারেতি। ধর্ম্মং দয়াদিগুণম্। অনুত্তমং সর্ব্বোৎকৃষ্টম্। সার্ব্বভৌমঃ সর্ব্বভূমীশ্বরঃ ॥৩॥

তাহার পর রাজা দুষ্মন্ত পূর্ণ এক শত বৎসর রাজত্ব করিয়া বনে যাইয়া স্বর্গ লাভ করেন ॥১২৭॥

বৈশম্পায়ন বলিলেন—ভরত দুষ্মন্তের নিকট হইতে ন্যায় অনুসারে রাজ্য লাভ করিলেন; তাহার পর তাঁহার রথচক্র দিগ্বিজয়ের জন্য প্রবৃত্ত হইল; সে রথচক্র উজ্জ্বল, অলৌকিক, শক্রকর্ত্তৃক অপ্রতিহত, ভীষণশব্দকারী, বিশালাকৃতি এবং জগৎপ্রসিদ্ধ ছিল। পরে, তিনি রাজগণকে জয় করিয়া বশবর্ত্তী করিলেন ॥১—২॥

তৎকালে প্রতাপশালী ভরত রাজা দয়াদাক্ষিণ্যপ্রভৃতি সাধুর গুণও লাভ

* কচিদয়ং পাঠো ন দৃশ্যতে। বঙ্গদেশীয়কতিপয়পুস্তকে প্রথমশ্লোকাদারভ্য সার্দ্ধষষ্ঠ-শ্লোকপর্য্যন্তো ভাগঃ কিঞ্চিদ্বিকলভাবেন এতৎপূর্বাধ্যায়শেষে নিবেশিতো দৃশ্যতে।

(১)…প্রথিতং কর্ম্ম…। (৩)…স রাজচক্রবর্ত্ত্যাসীৎ…।

ঈজে চ বহুভির্যজ্ঞৈর্যথা শক্রো মরুৎপতিঃ।
যাজয়ামাস তং কণ্বো বিধিবদ্ভূরিদক্ষিণম্ ॥৪॥
শ্রীমান্ গোবিততং নাম বাজিমেধমবাপ সঃ।
যস্মিন্ সহস্রং পদ্মানাং কণ্বায় ভরতো দদৌ ॥৫॥
সোঽশ্বমেধশতৈরীজে যমুনামনুতীরগঃ।
ত্রিশতৈশ্চ সরস্বত্যাং গঙ্গামনু চতুঃশতৈঃ ॥৬॥
দৌষ্মন্তির্ভরতো যজ্ঞৈরীজে শাকুন্তলো নৃপঃ।
তস্মাদ্ভরতবংশস্য বিপ্রতস্থে মহদ্‌যশঃ ॥৭॥
ভরতস্তিসৃষু স্ত্রীষু নব পুত্রানজীজনৎ।
নাভ্যনন্দত তান্ রাজা নানুরূপা মমেত্যুত ॥৮॥

ভারতকৌমুদী

ঈজ ইতি। ঈজে দেবান্ পূজয়ামাস। কণ্বঃ শকুন্তলায়াঃ পালয়িতা ॥৪॥
শ্রীমানিতি। গবি পৃথিব্যাং বিততো বিখ্যাতস্তম্। পদ্মানাং সহস্রং বহুধনমিত্যর্থঃ ॥৫॥
স ইতি। অনু লক্ষ্যীকৃত্য তীরগঃ সন্। গঙ্গামনু চ তীরগঃ সন্নিতি সম্বধ্যতে ॥৬॥
দৌষ্মন্তিরিতি। তস্মাদ্ভরতাদারভ্যৈব। বিপ্রতস্থে দিশি দিশি জগাম ॥৭॥

ভারতভাবদীপঃ

দুষ্মন্তাদিতি ॥১—২॥ চক্রং রথচক্রম্ আজ্ঞা বা, অন্তরেণ সর্ব্বং ব্যাপ্নোতীতি চক্রবর্ত্তী

করিয়াছিলেন বলিয়া অসাধারণ যশস্বী হইয়াছিলেন। ক্রমে তিনি সম্রাট্ হন ॥৩॥

দেবরাজ ইন্দ্রের ন্যায় তিনি বহুতর যজ্ঞ করিয়া, তাহাতে প্রচুর দক্ষিণা দান করেন; মহর্ষি কণ্ব আসিয়া তাঁহাকে যথাবিধানে সেই সকল যজ্ঞ করাইয়াছিলেন ॥৪॥

অসাধারণসম্পত্তিশালী ভরত 'গোবিতত' নামে এক অশ্বমেধ যজ্ঞ করেন এবং তাহাতে তিনি কণ্বকে দক্ষিণারূপে অতিপ্রচুর ধন দান করেন ॥৫॥

তাহার পর, তিনি যমুনার তীরে থাকিয়া শত অশ্বমেধ, সরস্বতীর তীরে থাকিয়া তিন শত অশ্বমেধ এবং গঙ্গার তীরে থাকিয়া চারি শত অশ্বমেধ যজ্ঞ করেন ॥৬॥

শকুন্তলার গর্ভজাত দুষ্মন্তনন্দন ভরত এই ভাবে বহুতর যজ্ঞ করিয়াছিলেন; সুতরাং ভরত হইতেই ভরতবংশের বিশাল যশোরাশি জগতে বিস্তীর্ণ হইয়া পড়িয়াছিল ॥৭॥

(৪)···দক্ষবদ্ভূরিদক্ষিণম্।
(৫) শ্রীমান্ গোবিনতং নাম··। ৬—৭ শ্লোকৌ ক্বচিন্ন দৃশ্যেতে।

ততস্তান্ মাতরঃ ক্রুদ্ধাঃ পুত্রান্ নিন্যুর্যমক্ষয়ম্ ।
ততস্তস্য নরেন্দ্রস্য বিতথং পুত্রজন্ম তৎ ॥৯॥
ততো মহদ্ভিঃ ক্রতুভিরীজানো ভরতস্তদা ।
লেভে পুত্রং ভরদ্বাজাদ্ভূমন্যুং নাম ভারত ॥১০॥
ততঃ পুত্রিণমাত্মানং জ্ঞাত্বা পৌরবনন্দনঃ ।
ভূমন্যুং ভরতশ্রেষ্ঠ ! যৌবরাজ্যেঽভ্যষেচয়ৎ ॥১১॥
ততো দিবিরথো নাম ভূমন্যোরভবৎ সুতঃ ।
সুহোত্রশ্চ সুহোতা চ সুহবিঃ সুযজুস্তথা ॥১২॥
পুষ্করিণ্যামৃচীকশ্চ ভূমন্যোরভবন্ সুতাঃ ।
তেষাং জ্যেষ্ঠঃ সুহোত্রস্তু রাজ্যমাপ মহীক্ষিতাম্ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভরত ইতি। নানুরূপা রূপলক্ষণৈর্ন সদৃশা ইতি হেতোর্নাভ্যনন্দত নাদ্রিয়ত ॥৮॥

তত ইতি। যমক্ষয়ং যমালয়ম্। অহো নৃশংসতা পাপিনীনাম্। বিতথং নিষ্ফলম্ ॥৯॥

তত ইতি। ঈজানো যজন্। ভরদ্বাজাম্মুনেস্তদনুগ্রহাদিত্যর্থঃ ॥১০॥

তত ইতি। হে ভরতশ্রেষ্ঠ ! জনমেজয় ! পৌরবনন্দনো ভরতঃ ॥১১॥

তত ইতি। পুষ্করিণ্যাং তদাখ্যায়াং ভার্য্যায়াম্। দিবিরথস্তু দ্বিতীয়ঃ "তেষাং জ্যেষ্ঠঃ সুহোত্রস্তু" ইতি স্পষ্টাভিধানাৎ পাঠক্রমাচ্ছাব্দক্রমস্য বলবত্ত্বাৎ ॥১২—১৩॥

ভারতভাবদীপঃ

সার্ব্বভৌমঃ সর্ব্বভূমীশ্বরঃ ॥৩—৪॥ পদ্মানাং কোটিশতানাম্ ॥৫—৮॥ বিতথং বিগতস্তথা-

ভরত রাজা তিনটী ভার্য্যার গর্ভে নয়টী পুত্র উৎপাদন করেন ; কিন্তু সে পুত্রগণ ভরত রাজার অনুরূপ হইয়াছিল না বলিয়া, তিনি তাহাদের আদর করিতেন না ॥৮॥

তাহাতে তাহাদের মাতারা ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে যমালয়ে প্রেরণ করেন ; সেই জন্য ভরত রাজার সে পুত্রোৎপাদন নিষ্ফল হইয়া গিয়াছিল ॥৯॥

তাহার পর, ভরত রাজা বৃহৎ বৃহৎ যজ্ঞ করিয়া, মহর্ষি ভরদ্বাজের অনুগ্রহে 'ভূমন্যু' নামে একটি পুত্র লাভ করেন ॥১০॥

তাহাতেই ভরত রাজা আপনাকে পুত্রবান্ মনে করিয়া সেই ভূমন্যুকেই যৌবরাজ্যে অভিষিক্ত করেন ॥১১॥

তাহার পর, পুষ্করিণীনাম্নী মহিষীর গর্ভে ভূমন্যুর ছয়টী পুত্র জন্মগ্রহণ করে ; তাঁহাদের নাম—সুহোত্র, দিবিরথ, সুহোতা, সুহবি, সুযজু ও ঋচীক। তাঁহাদের মধ্যে জ্যেষ্ঠ সুহোত্রই পৈতৃক রাজ্য লাভ করেন ॥১২—১৩॥

রাজসূয়াশ্বমেধাদ্যৈঃ সোঽযজদ্বহুভিঃ সবৈঃ।
সুহোত্রঃ পৃথিবীং কৃৎস্নাং বুভুজে সাগরাম্বরাম্ ॥১৪॥
পূর্ণাং হস্তিগবাশ্বৈশ্চ বহুরত্নসমাকুলাম্।
মমজ্জেব মহী তস্য ভূরিভারাবপীড়িতা ॥১৫॥ (যুগ্মকম্)
হস্ত্যশ্বরথসম্পূর্ণা মনুষ্যকলিলা শুভা।
সুহোত্রে রাজনি তদা ধর্ম্মতঃ শাসতি প্রজাঃ ॥১৬॥
চৈত্যযূপাঙ্কিতা চাসীদ্ভূমিঃ শতসহস্রশঃ।
প্রবৃদ্ধজনশস্যা চ সর্বদৈব ব্যরোচত ॥১৭॥ (যুগ্মকম্)
ঐক্ষ্বাকী জনয়ামাস সুহোত্রাৎ পৃথিবীপতেঃ।
অজমীঢ়ং সুমীঢ়ঞ্চ পুরুমীঢ়ঞ্চ ভারত! ॥১৮॥
অজমীঢ়ো বরস্তেষাং তস্মিন্ বংশঃ প্রতিষ্ঠিতঃ।
ষট্পুত্রান্ সোঽপ্যজনয়ত্তিসৃষু স্ত্রীষু ভারত! ॥১৯॥

ভারতকৌমুদী

রাজেতি। সর্বৈর্যজ্ঞৈঃ, "যজ্ঞঃ সবোঽধ্বরো যাগঃ সপ্ততন্তুর্মখঃ ক্রতুঃ" ইত্যমরঃ। সাগরা এবাম্বরাণি তদ্বৎ পরিবেষ্টকা যস্যাস্তাম্। বহুরত্নৈঃ সমাকুলা ব্যাপ্তা তাম্ ॥১৪—১৫॥

হস্তীতি। মনুষ্যৈঃ কলিলা গহনা ব্যাপ্তেতি যাবৎ, "কলিলং গহনং সমম্" ইত্যমরঃ। শুভা সর্ব্বত্র শুভশালিনী। শাসতি শাসনং কুর্ব্বতি। শতসহস্রশঃ স্থানেষু চৈত্যযূপৈর্যজ্ঞায়তনস্থপশুবন্ধনস্তম্ভৈরঙ্কিতা চিহ্নিতা। প্রবৃদ্ধানি জনাঃ শস্যানি চ যস্যাং সা ॥১৬—১৭॥

ঐক্ষ্বকীতি। ঐক্ষ্বাকী ইক্ষ্বাকুতনয়া মহিষী ॥১৮॥

অজমীঢ় ইতি। বরো জ্যেষ্ঠঃ। তস্মিন্নজমীঢ়ে ॥১৯॥

মহারাজ সুহোত্র রাজসূয় ও অশ্বমেধপ্রভৃতি বহুতর যজ্ঞ করিয়াছিলেন এবং হস্তী, অশ্ব, গো ও বহুতর রত্নে পরিপূর্ণ সমুদ্রবেষ্টিত সমগ্র পৃথিবী ভোগ করিতেন। তৎকালে তাঁহার গুরুতর ভারে পীড়িত হইয়া পৃথিবী যেন পাতালে মগ্ন হইতেছিলেন ॥১৪—১৫॥

মহারাজ সুহোত্র যখন ধর্ম্ম অনুসারে প্রজা পালন করিতেছিলেন, তখন পৃথিবী হস্তী, অশ্ব, রথ ও মনুষ্যে পরিপূর্ণ হইয়াছিল; লোকসংখ্যা বৃদ্ধি পাইয়াছিল, প্রচুর পরিমাণে শস্য জন্মিত, যজ্ঞস্থানসমূহে শত সহস্র যূপ বিরাজ করিত এবং সর্ব্বদাই সর্ব্বপ্রকার মঙ্গল ছিল ॥১৬—১৭॥

মহারাজ জনমেজয়! মহিষী ইক্ষ্বাকুতনয়ার গর্ভে রাজা সুহোত্রের তিনটি পুত্র জন্মগ্রহণ করে—অজমীঢ়, সুমীঢ় ও পুরুমীঢ় ॥১৮॥

তাঁহাদের মধ্যে অজমীঢ়ই জ্যেষ্ঠ ছিলেন; সুতরাং তাঁহার উপরেই বংশ

(১৬)…শাসতি প্রজাম্।

ঋক্ষং ধূমিন্যথো নীলী দুষ্মন্তপরমেষ্ঠিনৌ।
কেশিন্যজনয়জ্জহ্নুং সুতৌ চ জলরূপিণৌ ॥২০॥
তথেমে সর্ব্বপাঞ্চালা দুষ্মন্তপরমেষ্ঠিনোঃ।
অন্বয়াঃ কুশিকা রাজন্! জহ্নোরমিততেজসঃ ॥২১॥
জলরূপিণয়োর্জ্যেষ্ঠমৃক্ষমাহুর্জনাধিপম্।
ঋক্ষাৎ সংবরণো জজ্ঞে রাজন্! বংশকরস্তব ॥২২॥
আর্ক্ষে সংবরণে রাজন্! প্রশাসতি বসুন্ধরাম্।
সংক্ষয়ঃ সুমহানাসীৎ প্রজানামিতি নঃ শ্রুতম্ ॥২৩॥
ব্যশীর্য্যত ততো রাষ্ট্রং ক্ষয়ৈর্নানাবিধৈস্তদা।
ক্ষুন্মৃত্যুভ্যামনাবৃষ্ট্যা ব্যাধিভিশ্চ সমাহতম্ ॥২৪॥

ভারতকৌমুদী

ঋক্ষমিতি। ধূমিনী নাম স্ত্রী, ঋক্ষং নাম পুত্রম্। এবমন্যত্রাপি ॥২০॥
তথেতি। অন্বয়া বংশাঃ। কুশিকাশ্চ জহ্নোরন্বয়া ইতি সম্বন্ধঃ ॥২১॥
জলেতি। সংবরণো নাম। তব জনমেজয়স্য ॥২২॥
আর্ক্ষ ইতি। ঋক্ষস্যাপত্যমার্ক্ষস্তস্মিন্। প্রশাসতি শাসনং কুর্বতি সতি ॥২৩॥
ব্যশীর্য্যতেতি। রাষ্ট্রং সংবরণস্য রাজ্যম্। সমাহতং বিনাশিতম্ ॥২৪॥

ভারতভাবদীপঃ

ভাবো জনকসাদৃশ্যং যত্র তৎ তাদৃশং পুত্রজন্ম ॥৯—১৩॥ সবৈঃ সবসংজ্ঞৈর্যজ্ঞৈঃ॥১৪—২১॥ ব্রজনরূপিণয়োরিত্যক্ষরাধিক্যমার্ষম্ ॥২২॥ আর্ক্ষে ঋক্ষপুত্রে ॥২৩॥ ক্ষয়ৈর্নাশহেতুভিঃ

প্রতিষ্ঠা লাভ করিয়াছিল। তিনি তিনটি ভার্য্যার গর্ভে ছয়টী পুত্র উৎপাদন করেন ॥১৯॥

ধূমিনীর গর্ভে ঋক্ষ, নীলীর গর্ভে দুষ্মন্ত ও পরমেষ্ঠী এবং কেশিনীর গর্ভে জহ্নু, জল ও রূপিণ উৎপন্ন হইয়াছিলেন ॥২০॥

এই সমস্ত পাঞ্চালগণ, দুষ্মন্ত ও পরমেষ্ঠীর বংশধর এবং কুশিকগণ অতুল-পরাক্রমী জহ্নুর বংশধর ॥২১॥

মহারাজ জনমেজয়! ঋক্ষই জল ও রূপিণপ্রভৃতির মধ্যে জ্যেষ্ঠ ছিলেন; সুতরাং তিনিই রাজা হইয়াছিলেন। সেই ঋক্ষ হইতে আপনাদের বংশকর সংবরণ জন্মগ্রহণ করেন ॥২২॥

মহারাজ! ঋক্ষপুত্র সংবরণ যখন রাজ্য শাসন করেন, তখন অত্যন্ত লোকক্ষয় হইয়াছিল বলিয়া আমাদের শুনা আছে ॥২৩॥

(২০)···সুতৌ ব্রজনরূপিণৌ, সুতৌ চ জনরূপিণৌ। (২১) অথেমে···।
[২২]···আহুর্নরাধিপম্···আহুর্মনীষিণম্···বংশকরঃ সুতঃ।

অভ্যঘ্নন্ ভারতাংশ্চৈব সপত্নানাং বলানি চ।
চালয়ন্ বসুধাঞ্চেমাং বলেন চতুরঙ্গিণা ॥২৫॥
অভ্যয়াত্তঞ্চ পাঞ্চাল্যো বিজিত্য তরসা মহীম্।
অক্ষৌহিণীভির্দশভিঃ স এনং সমরেঽজয়ৎ ॥২৬॥ (যুগ্মকম্)
ততঃ সদারঃ সামাত্যঃ সপুত্রঃ সসুহৃজ্জনঃ।
রাজা সংবরণস্তস্মাৎ পলায়ত মহাভয়াৎ ॥২৭॥
সিন্ধোর্নদস্য মহতো নিকুঞ্জে ন্যবসত্তদা।
নদীবিষয়পর্য্যন্তে পর্বতস্য সমীপতঃ ॥২৮॥
তত্রাবসন্ বহূন্ কালান্ ভারতা দুর্গমাশ্রিতাঃ।
তেষাং নিবসতাং তত্র সহস্রং পরিবৎসরান্ ॥২৯॥

ভারতকৌমুদী

অভ্যঘ্নন্নিতি। সপত্নানাং শত্রূণাম্। অথ কে তে সপত্না ইত্যাহ অভ্যয়াদিতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজঃ। তরসা বলেন। স পাঞ্চাল্যঃ, এনং সংবরণম্ ॥২৫—২৬॥

তত ইতি। তস্মাৎ স্বকীয়রাজ্যাৎ, মহাভয়াদ্ধেতোঃ পলায়ত ॥২৭॥

সিন্ধোরিতি। নদীবিষয়ো নদ্যা জলং স পর্য্যন্তঃ সীমা যস্য তস্মিন্, নিকুঞ্জে লতাদ্যাবৃতস্থানে ॥২৮॥

তত্রেতি। তত্র দুর্গে সহস্রং পরিবৎসরান্ যাবৎ, নিবসতাং তেষাং সমীপে, তানেব ভরতান্, অভি লক্ষ্যীকৃত্য, ভগবান্ বশিষ্ঠ ঋষিরগচ্ছৎ। তদা তে সর্বে ভারতাঃ

ভারতভাবদীপঃ

ক্ষুৎপ্রভৃতিভিঃ ॥২৪—২৫॥ অভ্যয়াৎ তং সংবরণম্। এনং সংবরণমেব ॥২৬॥ পলায়ত অড়ভাব

তখন ক্ষুধা, মৃত্যু, অনাবৃষ্টি এবং রোগপ্রভৃতি নানাবিধ উৎপাতে রাজ্য ক্রমশঃ জীর্ণ-শীর্ণ হইতেছিল ॥২৪॥

এই সময়ে শত্রুসৈন্য আসিয়া সেই ভরতবংশীয়দিগকে আক্রমণ করিল। তাহার মধ্যে পাঞ্চালদেশের রাজা চতুরঙ্গ সৈন্যদ্বারা সংবরণের রাজ্য কম্পিত করিয়া এবং অন্যান্য স্থান জয় করিয়া তাঁহার প্রতি ধাবিত হইলেন এবং দশ অক্ষৌহিণী সৈন্যদ্বারা আক্রমণ করিয়া যুদ্ধে তাঁহাকে জয় করিলেন ॥২৫-২৬॥

তাহার পর রাজা সংবরণ অত্যন্ত ভয়বশতঃ স্ত্রী, পুত্র, বন্ধু ও মন্ত্রিবর্গের সহিত আপন রাজ্য হইতে পলায়ন করিলেন ॥২৭॥

বিশাল সিন্ধুনদের তীরে কোন পর্ব্বতের নিকটে জলপর্য্যন্ত বিস্তৃত জঙ্গলের ভিতরে যাইয়া তিনি বাস করিতে লাগিলেন ॥২৮॥

ভরতবংশীয়গণ সেই দুর্গ আশ্রয় করিয়া সেখানে বহুকাল বাস করিলেন; এমন কি সেখানে বাস করিবার সময়ে তাঁহাদের সহস্র বৎসর অতীত হইয়া

অথাভ্যগচ্ছস্তুরতান্ বশিষ্ঠো ভগবানৃষিঃ।
তমাগতং প্রযত্নেন প্রত্যুদ্গম্যাভিবাদ্য চ ॥৩০॥
অর্ঘ্যমভ্যাহরংস্তস্মৈ তে সর্ব্বে ভারতাস্তদা।
নিবেদ্য সর্ব্বমৃষয়ে সৎকারেণ সুবর্চ্চসে ॥৩১॥
তমাসনে চোপবিষ্টং রাজা বব্রে স্বয়ং তদা।
পুরোহিতো ভবান্নোঽস্তু রাজ্যায় প্রযতেমহি ॥৩২॥ (কলাপকম্)
ওমিত্যেবং বশিষ্ঠোঽপি ভারতান্ প্রত্যপদ্যত।
অথাভ্যষিঞ্চৎ সাম্রাজ্যে সর্বক্ষত্রস্য পৌরবম্ ॥৩৩॥
বিষাণভূতং সর্বস্যাং পৃথিব্যামিতি নঃ শ্রুতম্।
ভরতাধ্যুষিতং পূর্বং সোঽধ্যতিষ্ঠৎ পুরোত্তমম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

প্রযত্নেন আগতং তং বশিষ্ঠম্, প্রত্যুদ্গম্য অভিবাদ্য চ, তস্মৈ অর্ঘ্যম্, অভ্যাহরন্ আনীতবন্তঃ। পরঞ্চ রাজা স্বয়মেব, সৎকারেণ অবনতভাবাদিনা, সুবর্চ্চসে মহাতেজঃশালিনে, ঋষয়ে বশিষ্ঠায়, সর্ব্বমর্ঘ্যাদিকং নিবেদ্য, তদা আসনে উপবিষ্টঞ্চ তম্, পৌরোহিত্যায় বব্রে। কিমুক্ত্বা বব্রে ইত্যাহ—ভবান্, নঃ অস্মাকং পুরোহিতোঽস্তু, বয়ং রাজ্যায় রাজ্যোদ্ধারায় প্রযতেমহি ॥২৯—৩২॥

ওমিতি। এতত্তু স্বীকারার্থমব্যয়ম্। পৌরবং সংবরণং রাজানম্ ॥৩৩॥

বিষাণেতি। ইতি নঃ অস্মাকং শ্রুতমাসীৎ, যৎ, স সংবরণঃ, সর্ব্বস্যাং পৃথিব্যাং বিষাণভূতম্ উৎকর্ষেণ শৃঙ্গীভূতম্ পূর্ব্বং ভরতেন অধ্যুষিতং পুরোত্তমম্, অধ্যতিষ্ঠৎ বিজিত্যাধিষ্ঠিতবান্ ॥৩৪॥

গেল। তাহার পর এক দিন ভগবান্ বশিষ্ঠ মুনি তাঁহাদের নিকট উপস্থিত হইলেন; তখন ভরতবংশীয়গণ আদরপূর্বক তাঁহার প্রত্যুদ্গমন করিলেন এবং অভিবাদন করিয়া তাঁহার জন্য অর্ঘ্য আনয়ন করিলেন। তখন রাজা সংবরণ অবনত হইয়া, মহাতেজস্বী বশিষ্ঠকে সেই অর্ঘ্যপ্রভৃতি নিবেদন করিয়া, নিজেই তাঁহাকে পৌরোহিত্যে বরণ করিলেন এবং বলিলেন—'আপনি আমাদের পুরোহিত হউন, আমরা রাজ্যোদ্ধারের জন্য চেষ্টা করি' ॥২৯—৩২॥

বশিষ্ঠও তাহাতে স্বীকার করিলেন এবং ভরতবংশীয়গণকে যজমানরূপে গ্রহণ করিলেন, পরে রাজা সংবরণকে সমস্ত ক্ষত্রিয়ের সাম্রাজ্যে অভিষিক্ত করিলেন ॥৩৩॥

আমাদের শুনা আছে—পূর্ব্বকালে ভরত রাজা যে রাজধানীতে বাস করিয়াছিলেন এবং যে রাজধানী সমস্ত পৃথিবীর মধ্যে উৎকৃষ্ট ছিল, সংবরণ রাজা সেই রাজধানী জয় করিয়া পুনরায় তাহাতেই অধিষ্ঠান করিয়াছিলেন ॥৩৪॥

পুনর্বলিভৃতশ্চৈব চক্রে সর্ব্বমহীক্ষিতঃ।
ততঃ স পৃথিবীং প্রাপ্য পুনরীজে মহাবলঃ ॥৩৫॥
আজমীঢ়ো মহাযজ্ঞৈর্বহুভির্ভূরিদক্ষিণৈঃ।
ততঃ সংবরণাৎ সৌরী সুষুবে তপতী কুরুম্ ॥৩৬॥ (যুগ্মকম্)
রাজত্বে তং প্রজাঃ সর্ব্বা ধর্ম্মজ্ঞ ইতি বব্রিরে।
তস্য নাম্নাভিবিখ্যাতং পৃথিব্যাং কুরুজাঙ্গলম্ ॥৩৭॥
কুরুক্ষেত্রং স তপসা পুণ্যং চক্রে মহাতপাঃ।
অশ্ববন্তমভিষ্যন্তং তথা চৈত্ররথং মুনিম্ ॥৩৮॥
জনমেজয়ঞ্চ বিখ্যাতং পুত্রানস্যানুশুশ্রুম।
পঞ্চৈতান্ বাহিনী পুত্রান্ ব্যজায়ত মনস্বিনী ॥৩৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পুনরিতি। ততো মহাবলঃ অজমীঢ়স্যাপত্যং পৌত্র ইত্যাজমীঢ়ঃ, স সংবরণঃ, পুনঃ পৃথিবীং প্রাপ্য, সর্ব্বমহীক্ষিতঃ সর্ব্বান্ নৃপতীন্, পুনর্বলিভৃতঃ করদাতৄন্ চক্রে, তথা ভূরিদক্ষিণৈঃ বহুভির্মহাযজ্ঞৈঃ, ঈজে দেবান্ পূজয়ামাস। ততঃ পরম্, সৌরী সূর্য্যতনয়া, তপতী নাম মহিষী, সংবরণাৎ কুরুং নাম পুত্রং সুষুবে ॥৩৫—৩৬॥

রাজত্ব ইতি। ধর্ম্মজ্ঞ ইতি হেতোঃ। তং কুরুম্ ॥৩৭॥

কুরুক্ষেত্রমিতি। মহাতপাঃ স কুরুঃ, তপসা, কঞ্চিদ্দেশং পুণ্যং কুরুক্ষেত্রং নাম বিখ্যাতং চক্রে। অশ্ববত এব অবিক্ষিদিতি নামান্তরং বোধ্যম্, পরত্র অবিক্ষিত ইত্যভিধানাৎ। মনস্বিনী প্রশস্তহৃদয়া, বাহিনী নাম কুরোর্মহিষী, এতান্ পঞ্চ পুত্রান্, ব্যজায়ত অজনয়ৎ। সকর্ম্মকত্বমার্ষম্ ॥৩৮—৩৯॥

ভারতভাবদীপঃ

আর্ষঃ ॥২৭—৩২॥ ওমিত্যঙ্গীকারে ॥৩৩॥ বিষাণবৎ গিরিশৃঙ্গবচ্ছ্রেষ্ঠভূতম্ ॥৩৪॥ বলিভৃতঃ করদান্ ॥৩৫॥ সৌরী সূর্য্যকন্যা ॥৩৬—৩৭॥ অশ্ববত এবাবিক্ষিদিতি সংজ্ঞান্তরম্

তাহার পর তিনি পুনরায় রাজ্য লাভ করিয়া, পুনরায় সমস্ত রাজাকে করদাতা করিয়াছিলেন এবং প্রচুরদক্ষিণাযুক্ত বহুতর যজ্ঞ করিয়াছিলেন। তাহার পর সূর্য্যকন্যা তপতীর গর্ভে সংবরণ রাজার কুরুনামে একটী পুত্র জন্ম গ্রহণ করে ॥৩৫—৩৬॥

সেই কুরু বিশেষ ধার্ম্মিক হইয়াছিলেন বলিয়া সমস্ত প্রজা তাঁহাকে রাজত্বে বরণ করিয়াছিল এবং তাঁহার নামেই 'কুরুজাঙ্গল' পৃথিবীতে বিখ্যাত হইয়াছিল ॥৩৭॥

মহাতপস্বী কুরু তপস্যা করিয়া বিশাল একটি ক্ষেত্রকে 'পুণ্য কুরুক্ষেত্র'

[৩৯]···বাহিনীমুখ্যান্ ··।

অবিক্ষিতঃ পরিক্ষিত্তু শবলাশ্বশ্চ বীর্য্যবান্।
আদিরাজো বিরাজশ্চ শাল্মলিশ্চ মহাবলঃ ॥৪০॥
উচ্চৈঃশ্রবা ভঙ্গকারো জিতারিশ্চাষ্টমঃ স্মৃতঃ।
এতেষামন্ববায়ে তু খ্যাতাস্তে কর্ম্মজৈর্গুণৈঃ ॥৪১॥ (যুগ্মকম্)
জনমেজয়াদয়ঃ সপ্ত তথৈবান্যে মহারথাঃ।
পরিক্ষিতোঽভবন্ পুত্রাঃ সর্ব্বে ধর্ম্মার্থকোবিদাঃ ॥৪২॥
কক্ষসেনোগ্রসেনৌ চ চিত্রসেনশ্চ বীর্য্যবান্।
ইন্দ্রসেনঃ সুষেণশ্চ ভীমসেনশ্চ নামতঃ ॥৪৩॥
জনমেজয়স্য তনয়া ভুবি খ্যাতা মহাবলাঃ।
ধৃতরাষ্ট্রঃ প্রথমজঃ পাণ্ডুর্বাহ্লীক এব চ ॥৪৪॥
নিষধশ্চ মহাতেজাস্তথা জাম্বূনদো বলী।
কুণ্ডোদরঃ পদাতিশ্চ বসাতিশ্চাষ্টমঃ স্মৃতঃ।
সর্ব্বে ধর্ম্মার্থকুশলাঃ সর্ব্বভূতহিতে রতাঃ ॥৪৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অবিক্ষিত ইতি। অবিক্ষিতঃ কুরুপুত্রস্যাশ্ববতঃ। অন্ববায়ে বংশে জাতাস্তে ক্ষত্রিয়াঃ, কর্ম্মজৈঃ শিক্ষাভ্যাসজাতৈঃ শৌর্য্যাদিভির্গুণৈঃ, খ্যাতা অভবন্ ॥৪০—৪১॥

জনেতি। ধর্ম্মে ধর্ম্মশাস্ত্রে অর্থে অর্থশাস্ত্রে চ কোবিদা অভিজ্ঞাঃ। অক্ষরাধিক্যমার্ষম ॥৪২॥

